## কুমিল্লা সিটি কর্পোরেশন

# বার্ষিক প্রতিবেদন

## অর্থবছর ২০২২-২০২৩

কুমিল্লা সিটি কর্পোরেশন

সেপ্টেম্বর-২০২৩

# সূচিপত্র


শব্দ সংক্ষেপন ও ব্যাখ্যা............ iii

১. মেয়রের বার্তা

১.১ মেয়রের বাণী............ ১

১.২ ২০২২-২০২৩ অর্থ বছরে অর্জনসমূহ............ ২-৩

১.৩ অর্থ বছর ২০২২-২০২৩ এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি............ ৩

২. সিটি কর্পোরেশনের সংক্ষিপ্ত বিবরণ............ ৪

২.১ ঐতিহাসিক পটভূমি ও মূল বৈশিষ্ট্যসমূহ............ ৪-৭

২.২ ২০২২-২০২৩ অর্থ বছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ............ ৭

৩. রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)............ ৮

৩.১ রূপকল্প (Vision)............ ৮

৩.২ অভিলক্ষ্য (Mission)............ ৮

৪. সাংগঠনিক কাঠামো ও মানব সম্পদ............ ৮

৪.১ বিভাগসমূহ ও জনবল............ ৮

৪.২ কাউন্সিলর............ ৯

৫. বাজেট এবং আর্থিক বিবরণী............ ১০

৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী............ ১০-১২

৫.২ রাজস্ব আদায়............ ১২-১৩

৬. উন্নয়ন প্রকল্প এবং প্রধান মেরামত সংক্রান্ত কার্যক্রমসমূহ............ ১৪

৬.১ উন্নয়ন প্রকল্প এবং প্রধান মেরামত সংক্রান্ত কার্যক্রমসমূহ............ ১৪-১৬

৬.২ ক্রমপূঞ্জীভূত উন্নয়ন সম্পর্কিত অর্জনসমূহ............ ১৬-১৭

৭. : পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ............ ১৮

৭.১ সচিবের দপ্তর............ ১৮

৭.২ রাজস্ব বিভাগ............ ১৯

৭.৩ প্রকৌশল বিভাগ............ ২০

৭.৪ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ............ ২১

৭.৫ স্বাস্থ্য বিভাগ............ ২২

৭.৬ সমাজকল্যাণ, শিক্ষা ও সংস্কৃতি............ ২৩

৮. প্রশাসনিক উন্নতিকরণ............ ২৪

৮.১ লক্ষিত কাজসমূহ, উদ্দেশ্য এবং ফলাফল............ ২৪

৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ)............ ২৫-২৮

৯. কমিটি ও কর্পোরেশনের সভা............

৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা............ ২৮-৩৫

৯.২ স্থায়ী কমিটির সভা............ ৩৬-৪৩

১০. নাগরিক সম্পৃক্তকরণ............ ৪৪

১০.১ ওয়ার্ড পর্যায়ে সমন্বয় কমিটি'র (ডব্লিউএলসিসি) সভা............ ৪৪

১০.২ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি'র (সিএলসিসি) সভা............ ৪৪

১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম............ ৪৪

১০.৫ নাগরিক মতামতএবং অভিযোগ প্রতিকার............ ৪৪

১০.৬ নাগরিক জরিপ এর সংক্ষিপ্ত ফলাফল............ ৪৫

১০.৭ বর্তমান সরকারের ৩য় মেয়াদে বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম............ ৪৬

১১. ফটোগ্যালারি............ ৪৭-৫৬

**সংযোজনী:**

(১) বার্ষিক আর্থিক বিবরণী
(২) ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট
(৩) পঞ্চবার্ষিক অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনার সারসংক্ষেপ (২০১৮-২০১৯ অর্থবছর থেকে ২০২৩-২০২৪ অর্থবছর পর্যন্ত)

নোট: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন (C4C) প্রকল্পের সহায়তায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ফরমেট/ছক অনুসরণ করে কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বার্ষিক প্রতিবেদনটি (১) কর্পোরেশনেরনিজস্ব ব্যবহারের জন্য চলতি অর্থবছরের বাস্তবায়িত কার্যক্রম ও অর্জনসমূহ নথিভূক্তকরণ, (২) নাগরিকদের সাথে তথ্য বিনিময় করার উদ্দেশ্যে এবং (৩) সরকার ও অন্যান্য স্টেকহোল্ডারদের প্রতিবেদন দাখিলের/উপস্থাপনের উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে। আশা করা যাচ্ছে ২০২২-২০২৩ অর্থবছরে ফরমেট/ছকগুলোC4C প্রকল্পের মাধ্যমে প্রণীত সিটি কর্পোরেশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের নির্দেশিকার অবিচ্ছেদ্য অংশ হিসাবে গৃহীত হবে।

## শব্দসংক্ষেপন ও ব্যাখ্যা

| | **English** | | বাংলা |
|---|---|---|---|
| ADB | Asian Development Bank | এডিবি | এশীয়উন্নয়নব্যাংক |
| ADP | Annual Development Program | এডিপি | বার্ষিকউন্নয়নপরিকল্পনা |
| BDT | Bangladesh Taka | বিডিটি | বাংলাদেশটাকা |
| CC | City Corporation | সিক | সিটিকর্পোরেশন |
| C4C | Project for Capacity Development of City Corporations (of LGD assisted by JICA) | সিফরসি | ক্যাপাসিটি ফর সিটি (ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন প্রকল্পের সংক্ষিপ্ত রূপ |
| CGP | City Governance Project (of LGED funded by JICA) | সিজিপি | সিটি গভর্ন্যান্স প্রকল্প |
| CSCC | Civil Society Coordination Committee | সিএসসিসি | সুশীলসমাজসমন্বয়কমিটি |
| FY | Fiscal (Financial) Year | অব | অর্থবছর |
| MGSP | Municipal Governance and Service Project (of LGED funded by the World Bank) | এমজিএসপি | পৌরসভা গভর্ন্যান্স ও সার্ভিস প্রকল্প |
| UNDP | United Nations Development Programme | ইউএনডিপি | জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি |
| WLCC | Ward Level Coordination Committee | ডব্লিউএলসিসি | ওয়ার্ড লেভেল সমন্বয় কমিটি |

## ১. মেয়রের বাণী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি। তাঁরই দিকনির্দেশনায় আমরা পেয়েছি একটি স্বাধীন দেশ। ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধ ও বিভিন্ন সময়ে গণতন্ত্র রক্ষায় যারা জীবন বিসর্জন দিয়েছেন, সে সব বীর শহীদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি। ১৮৬৪ সালে ৩০ নভেম্বর কুমিল্লা পৌরসভা প্রতিষ্ঠিত হয়। কুমিল্লা পৌরসভা এবং সদর দক্ষিণ পৌরসভা একীভূত করে ১০ জুলাই ২০১১ তারিখ কুমিল্লা সিটি কর্পোরেশন গঠন করা হয়। বর্তমানে কুমিল্লা সিটি কর্পোরেশনের লোকসংখ্যা ৮ লক্ষাধিক এবং আয়তন ৫৩.০৪ বর্গ কি:মি:। কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৫ জুন ২০২২ তারিখের নির্বাচনে নির্বাচিত মেয়র হিসেবে বর্তমানে আমি দায়িত্ব পালন করছি। সিটি কর্পোরেশনের নির্বাচিত পরিষদ ও কর্মকর্তা-কর্মচারী তাদের যথাসাধ্য প্রচেষ্টা ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে নগরবাসীর কাঙ্খিত উন্নয়ন অর্জন সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি। করোনা মহামারী (কোভিড-১৯) ও ডেঙ্গু পরিস্থিতি সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ড ও রাজস্ব আহরণের ওপর কিছুটা বিরূপ প্রভাব পড়েছে। এরই মধ্যে মহান আল্লাহর অশেষ রহমতে আমরা দলমত নির্বিশেষে সম্মিলিতভাবে দুর্যোগময় পরিস্থিতি থেকে উত্তোরণ হতে পেরেছি। করোনা সংক্রমণ নিয়ন্ত্রণ, লকডাউন পরিস্থিতি উত্তোরণ, চিকিৎসা ও মানবিক সহায়তায় সিটি কর্পোরেশনের উদ্যোগে কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে ১.২৫ কোটি টাকায় আইসিইউ বেড স্থাপন, পর্যাপ্ত সুরক্ষা সামগ্রী, ত্রাণ সামগ্রী, জীবাণুমুক্তকরণ, ব্যাপক পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়েছে। কোভিড ভ্যাকসিনেশন কাজেও আমরা জাতীয় পর্যায়ে প্রশংসিত হয়েছি। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আমরা সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।

কুমিল্লা একটি সুপ্রাচীন জেলা শহর। ভৌগলিক অবস্থান, শিক্ষা, চিকিৎসা ও অবকাঠামোগত দিক থেকে এটি একটি সমৃদ্ধ নগরী এবং অতীব মর্যাদার অধিকারী। ঢাকা-চট্রগ্রাম মহাসড়কের পাশে গড়ে উঠা এ নগরী সারাদেশের সাথে যোগাযোগের দিক থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভৌগলিক অবস্থান ও যোগাযোগ বিবেচনায় সরকারি-বেসরকারি গুরুত্বপূর্ণ বিভাগীয় কার্যালয় এ মহানগরীতে অবস্থিত। এখানে ব্যবসা-বাণিজ্য ও আবাসন সেক্টরে এসেছে বৈপ্লবিক পরিবর্তন। রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) স্থাপিত হওয়ার পর এখানে হাজার হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ হয়েছে। এখানকার দৈনন্দিন জীবনমান ঢাকা চট্রগ্রাম থেকে তুলনামুলকভাবে সাশ্রয়ী, সুখকর এবং শান্তিময়। ফলে সরকারি চাকুরিজীবী, প্রবাসী, ব্যবসায়ী ও ধনাঢ্য শ্রেণি এ মহানগরীতে স্থায়ী আবাসন গড়ে তুলেছে এবং দিন দিন মহানগরীর লোকসংখ্যা বেড়েই চলছে। ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে মহানগরীর বিভিন্ন সুযোগ-সুবিধা সংকোচিত হয়ে আসছে, নাগরিক সেবা প্রদানে প্রতিনিয়ত হিমশিম খেতে হচ্ছে সিটি কর্পোরেশনকে। এর থেকে উত্তোরণের জন্য পরিকল্পিত নগর উন্নয়নের কোন বিকল্প নেই। সরকারি ও দাতা সংস্থার সহায়তার ক্ষেত্র আরও প্রসারিত করতে হবে। অন্যথায় সিটি কর্পোরেশনের পক্ষে কাঙ্খিত নাগরিক চাহিদা ও সুযোগ-সুবিধা সুনিশ্চিত করা অসম্ভব হয়ে পড়বে। যানজট ও জলাবদ্ধতা নিরসনসহ নগরীর সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ এবং তা বাস্তবায়নের মাধ্যমে কর্পোরেশন নাগরিক সুযোগ সুবিধা বৃদ্ধিতে আমরা অঙ্গীকারাবদ্ধ। যানজট ও জলাবদ্ধতা নিরসনে শহরের শহরের সকল স্টেকহোল্ডারের মতামত ও পরামর্শ নিয়ে নিরবচ্ছিন্নভাবে কাজ করছি।

নগরবাসীর জীবনযাত্রার মান বৃদ্ধি তথা মৌলিক মানবিক চাহিদাগুলো পুরণে কুমিল্লা সিটি কর্পোরেশন সবসময় মূখ্য ভূমিকা পালন করে আসছে। বিশেষকরে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন, যাতায়াত, পয়:নিষ্কাশন, জলাবদ্ধতা, দারিদ্র নিরসন, সৌন্দর্যবর্ধন, পরিবেশ রক্ষা, পানি সংযোগ, ক্রীড়া ও সাংস্কৃতিক পৃষ্ঠপোষকতা, সন্ত্রাস ও মাদক বিরোধী অভিযান, এতিম অসহায় দুঃস্থদের সহায়তা ও শান্তিপূর্ণ রাজনৈতিক সহাবস্থান প্রভৃতি বিষয়ে আমি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। গুরুত্বপূর্ণ সড়কগুলোতে যানজট নিরসনকল্পে রাস্তা প্রশস্তকরণসহ রোড ডিভাইডার স্থাপন করা হয়েছে। জননিরাপত্তা বিধানে নগরীর ২৮টি গুরুত্বপূর্ণ পয়েন্টে সিটি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

০৭ জুলাই ২০২২ কুমিল্লা কর্পোরেশনের দায়িত্বভার গ্রহণ করি। হাজারো সমস্যা বিদ্যমান থাকলেও এগুলো দূর করে কুমিল্লা সিটি কর্পোরেশনকে একটি আধুনিক নগরীতে রুপান্তরের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের আন্তরিক প্রচেষ্টায় আমরা এগিয়ে চলেছি। আমাদের চাহিদা অনেক, কিন্তু সম্পদ সীমিত। এ সীমিত সম্পদকে পরিকল্পিতভাবে কাজে লাগিয়ে একটি সুন্দর ও শান্তিময় সিটি কর্পোরেশন গঠনে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছি। সিটি কর্পোরেশনের প্রশাসনিক ও অবকাঠামোর উন্নয়নে মাঠ পর্যায়ে জরীপ, ম্যাপিং ও সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও স্থানীয় নেতৃবৃন্দের সাথে কার্যকর মতবিনিময়ের মাধ্যমে একটি যুগোপযোগী মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়নের কাজ চলমান আছে। নাগরিক সুবিধা নিশ্চিতকরণ, মহানগরবাসীর সেবার মান বৃদ্ধি ও কাঙ্খিত উন্নয়নের লক্ষ্যে দাতা সংস্থার সহযোগিতায় সিজিপি, এমজিএসপি, ডিপিপি, ৩৭ জেলা পানি সরবরাহ প্রকল্প, ইউপিএইচসিএসডিপি প্রকল্পের মাধ্যমে ব্যাপক উন্নয়ন কর্মকান্ড সম্পাদিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর বদান্যতায় একনেক সভায় অনুমোদিত **"কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন"** শীর্ষক প্রকল্পের আওতায় ১৫৩৮.১০৪৪ কোটি টাকার উন্নয়ন কাজ চলমান আছে। এ প্রকল্পের মেয়াদ ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত। এটি পুরোপুরি বাস্তবায়িত হলে কুমিল্লা সিটি কর্পোরেশনের সামগ্রিক উন্নয়ন চিত্রে আমূল পরিবর্তন ঘটবে। এ প্রকল্পের আওতায় চলতি অর্থবছরে (২০২৩-২০২৪) ৯তলা বিশিষ্ট নতুন নগর ভবন নির্মাণ, ৬তলা বিশিষ্ট সেবক কলনী নির্মাণ ও পুরাতন গোমতী নদীর সংস্কার ও সৌন্দর্যবর্ধন কর্মকান্ড বাস্তবায়ন করা হবে। এছাড়া অন্যান্য অবকাঠামো উন্নয়নও রয়েছে। কুমিল্লা সিটি কর্পোরেশনের উন্নয়নে সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং কুমিল্লা-০৬ আসনের মাননীয় সংসদ সদস্যসহ সংশ্লিষ্ট সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করে কুমিল্লা মহানগরবাসীর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

**আরফানুল হক রিফাত**
মেয়র

## ১.২ ২০২২-২০২৩ অর্থবছরে আমাদের অর্জনসমূহ

১. রাস্তা-ঘাট, ড্রেইন, ফুটপাতসহ অবকাঠামো উন্নয়ন
২. সড়ক বাতির উন্নয়ন
৩. কুমিল্লা মহানগরীর জননিরাপত্তা নিশ্চিতকরণে প্রধান প্রধান সড়ক ও মোড়সমূহে সিসি ক্যামেরা স্থাপন ও রক্ষণাবেক্ষণ।
৪. যানজট ও জলাবদ্ধতা প্রশমন
৫. মশক নিধন ও ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় ওষুধ প্রয়োগ ও পরিচ্ছন্নতা কার্যক্রম
৬. করোনা সংক্রমণ প্রতিরোধ কার্যক্রম
৭. শহরের সৌন্দর্যবর্ধন, পার্ক ও বিনোদন ব্যবস্থা
৮. শিক্ষার প্রসার ও মানোন্নয়ন
৯. ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও আর্থিক অনুদান
১০. স্বাস্থ্য সেবার উন্নয়ন
১১. পানি সরবরাহ ব্যবস্থাপনার উন্নয়ন
১২. প্রশাসনিক পুনর্গঠন ও জনবল সংক্রান্ত
১৩. রাজস্ব আদায় ও আয় বৃদ্ধি সংক্রান্ত
১৪. যানজট নিরসন
১৫. ক্রীড়া ও সংস্কৃতি
১৬. দারিদ্র বিমোচন
১৭. জাঙ্গালিয়ায় সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় বাসটারমিনাল সম্প্রসারণ
১৮. কঠিন বর্জ্য ব্যাবস্থাপনা

### ২০২২-২০২৩ অর্থবছরে আমাদের গৃহীত কার্যক্রমসমূহ

১. সিটি কর্পোরেশন এলাকায় স্থায়ীভাবে জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেনেজ মাস্টার প্লান তৈরীকরণ
২. যানজট নিরসনের জন্য গুরুত্বপূর্ণ রাস্তা তৈরী/মেরামতকরণসহ রাস্তার সংযোগগুলি প্রশস্তকরণ
৩. নগর শিশু উদ্যান পরিবেশ ও শিশুবান্ধব করে আধুনিকায়ন
৪. পুরাতন গোমতী নদীকে লেইকে রুপান্তরের মাধ্যমে জনগণের বিনোদনের ব্যবস্থাকরণ
৫. স্যানিটারি ল্যান্ডফিল (ময়লা ভাগার) আধুনিকায়ন

### ১.২ করোনা ভাইরাস প্রতিরোধে কুমিল্লা সিটি কর্পোরেশনের চলমান এবং বাস্তবায়িত কার্যক্রমের তথ্যাদিঃ

| ক্রম | কার্যক্রমের নাম | বিস্তারিত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জীবাণুনাশক স্প্রে | সিটি কর্পোরেশনের ওয়াটার ভাউচার, স্প্রে মেশিন প্রতিটি ওয়ার্ডে, বাজার এলাকাসমূহে, বাস টার্মিনাল, সকল রাস্তা, ফুটপাথসমূহ, অলি-গলিসমূহএবং জনসমাগম হয় এমন এলাকায় জীবাণুনাশক স্প্রে কার্যক্রম অব্যাহত আছে। | করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলায় সকল কার্যক্রম অব্যাহত আছে। |
| ০২ | হাত ধোয়া কার্যক্রম | সিটি কর্পোরেশন এলাকার জনসমাগম এলাকায়, নগর ভবনের প্রবেশদ্বারে, মার্কেট ও নগর স্বাস্থ্যকেন্দ্রসমূহে জনগণের হাত ধোয়ার ব্যবস্থাসহ প্রয়োজনীয় লিকুইড/হাতধোয়া সাবান এবং জীবানুমুক্ত করার জন্য স্যানিটাইজার ব্যবহার করা হচ্ছে। | |
| ০৩ | প্রচারণা | করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে আলোচনা সভা, প্রচারণা, মাইকিং ওলিফলেট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | |
| ০৪ | সামাজিক দুরত্ব বজায় রাখা | কুমিল্লা জেলা প্রশাসন, কুমিল্লা সিটি কর্পোরেশন এবং সিটি কর্পোরেশনের কাউন্সিলরগণের নের্তৃত্বে ওয়ার্ডভিত্তিক গঠিত তদারকি টিমের মাধ্যমে সামাজিক দুরত্ব বজায় রাখার কার্যক্রম অব্যাহত আছে। | |
| ০৫ | কন্ট্রোল রুম স্থাপন | করোনা প্রতিরোধে এবং যে কোন প্রাদুর্ভাব মোকাবেলায় দ্রুততম সময়ে ব্যবস্থা গ্রহণের জন্য কুমিল্লা সিটি কর্পোরেশন অফিসে একটি কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। হট-লাইন নম্বর: ০৯৬৪২ ২২২২৪৪/০১৭১২ ৭৭১৬৩৩ | |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | হাসপাতাল এবং যন্ত্রপাতি | সিটি কর্পোরেশনের আওতাধীন নগর মাতৃসদন ১টি, নগর স্বাস্থ্য কেন্দ্র ৬টি, ০৪ জন ডাক্তার, প্যারামেডিক ১২ জন, নার্স ৪ জন, FWV ৪ জন, এ্যাম্বুলেন্স ০১টি । | |
| ০৭ | মাস্ক, ব্লিচিং পাউডার এবং জীবাণুনাশক সামগ্রী বিতরণ কার্যক্রম | প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরের মাধ্যমে মাস্ক, ব্লিচিং পাউডার, জীবাণুনাশক সামগ্রী (স্যাভলন, সাবান ইত্যাদি) বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | |
| ০৮ | ব্রাক | ব্রাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম, কুমিল্লা প্রতিষ্ঠান হতে জীবাণুনাশক চেম্বার, হ্যান্ড ওয়াশিং পয়েন্ট স্থাপন, স্যানিটাইজার সরবরাহ ও উঠান বৈঠকে কমিউনিটি সদস্যদের সচেতনতামূলক কর্মসূচি পালন করা হয়েছে। | |
| ০৯ | স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম | সন্দেহভাজন করোনা রোগীর নমুনা সংগ্রহে টিম রয়েছে। সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক জনসাধারণকে করোনা বিষয়ক পরামর্শ প্রদান ও স্বাস্থ্যবার্তা প্রচার । | |
| ১০ | জীবাণুনাশক চেম্বার স্থাপন | নগর ভবন ও দক্ষিণ কার্যালয়ে ০২টি জীবাণুনাশক চেম্বার স্থাপন করা হয়েছে। | |

**ডেঙ্গু প্রাদুর্ভাব মোকাবেলায় গৃহীত কার্যক্রম:**

- জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরের নেতৃত্বে কমিটি গঠনপূর্বক নাগরিকদের উদ্বুদ্ধকরণ।
- সিটি কর্পোরেশন এলাকায় নিয়মিত পরিচ্ছন্নতা কর্মসূচির পাশাপাশি ডেঙ্গু মোকাবেলায় সকল দপ্তর, সংস্থা ও অবকাঠামো পরিচ্ছন্নতা কার্যক্রম।
- সরকারি-বেসরকারি সকল অফিস পরিচ্ছন্নকরণে সিটি কর্পোরেশন কর্তৃক চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান। এছাড়া বিভিন্ন ওয়ার্ডে পুকুর, ডোবা, নালা পরিষ্কার করা।
- নির্মাণাধীন ভবনের বেইজমেন্ট, পানির ট্যাংক, সেপ্টিক ট্যাংক মশার লার্ভা নিরোধে সতর্ক করা এবং মশার ওষুধ স্প্রে করা।
- ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল ফোনে খুদে বার্তা (এসএমএস) প্রদান।
- মশার ওষুধ স্প্রে করার জন্য বিশেষ টিম গঠন করা।
- ডেঙ্গু মশার Hot Spot- গুলোতে তাৎক্ষণিক অভিযান পরিচালনাসহ কোথাও লার্ভা পাওয়া গেলে মশার ওষুধ স্প্রে করা।
- Dengue Control Room স্থাপন।

## ১.৩: অর্থবছর ২০২২-২০২৩ এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি:

* সমন্বিত টেকশই উন্নয়নের মাধ্যমে কুমিল্লা সিটি কর্পোরেশনের নাগরিকদের সকল প্রকার সেবা প্রদান নিশ্চিত করা।

# অধ্যায় ২. এক নজরে কুমিল্লা সিটি কর্পোরেশন

**একনজরে কুমিল্লা সিটি কর্পোরেশন**

**মৌলিক তথ্যবলী:**

| | | |
|---|---|---|
| আয়তন | ঃ | ৫৩.০৪ বর্গ কি:মি: |
| ওয়ার্ড | ঃ | ২৭টি |
| জনসংখ্যা | ঃ | ০৮ লক্ষাধিক |
| হোল্ডিং সংখ্যা | ঃ | ৫০,৫০৮টি |
| ট্রেড লাইসেন্স সংখ্যা | ঃ | ১০,৪৮৩টি |
| রিক্সা মালিক লাইসেন্স শাখা | ঃ | ১০,০০০টি |
| রাস্তা | ঃ | ৪৮২ কি:মি: |
| কালভার্টের সংখ্যা | ঃ | ২৭৯টি |
| ড্রেইন | ঃ | ১৭০.৯৬ কি:মি: |
| পানির ওভারহেড ট্যাংক | ঃ | ০৬টি |
| ধারণ ক্ষমতা | ঃ | ৫৪ লক্ষ লিটার |
| পানির পাম্প স্টেশন | ঃ | ১৭টি |
| পানির পাইপ লাইন | ঃ | ২০০ কি:মি: |
| পানির সংযোগ সংখ্যা | ঃ | ৩৩৪০টি |
| গারভেজ ট্রাক | ঃ | ২৭টি |
| ট্রাক্টর | ঃ | ০৬টি |
| বুলডোজার | ঃ | ০৩টি |
| জিপ | ঃ | ০৫টি |
| পাবলিক টয়লেট | ঃ | ০৮টি |
| ডাস্টবিন | ঃ | ১৯৫টি |
| নগর মাতৃসদন | ঃ | ০২টি |
| নগর স্বাস্থ্য কেন্দ্র | ঃ | ০৬টি |
| স্যাটেলাইট ক্লিনিক | ঃ | ৭২টি |
| নগর উদ্যান | ঃ | ০২টি |
| শপিং কমপ্লেক্স | ঃ | ০৬টি |
| মার্কেট | ঃ | ০৮টি |
| নিজস্ব দোকানের সংখ্যা | ঃ | ২৩৬৭টি |
| লাইট পোষ্ট | ঃ | ১৭৭৩৮টি |
| বিদ্যুৎ লাইন | ঃ | ৩৭৮ কিঃমিঃ |
| ঈদগাহ | ঃ | ০১টি |
| কবরস্থান | ঃ | ০৬টি |
| শ্মশান | ঃ | ০২টি |

## ২.১ ঐতিহাসিক পটভূমি ও মূল বৈশিষ্ট্যসমূহ

**কুমিল্লা সিটি কর্পোরেশনের উৎপত্তি:**

কুমিল্লা অঞ্চল প্রাচীন সমতটের অধীনে এবং ত্রিপুরা রাজ্যের সঙ্গে সংযুক্ত ছিল। নবম শতাব্দিতে এ জেলা হরিকেল রাজাদের অধীনে আসে। এ শহরের ৫কি:মি: পশ্চিম-দক্ষিণে লালমাই ময়নামতিতে দেববংশ (অষ্টমশতাব্দী) ও চন্দ্রবংশের (দশম ও একাদশ শতাব্দীর মাঝামাঝি ) রাজত্বছিল। এজেলা ১৭৬৫ সালে প্রথম ইস্টইন্ডিয়া কোম্পানির শাসনাধীনে আসে। ১৭৯০ সালে ত্রিপুরা জেলা নামে এই জেলার সৃষ্টি। ১৯৬০ সালে কুমিল্লা জেলার নামকরণ হয়। ১৯৮৪ সালে চাঁদপুর ও ব্রাক্ষণবাড়ীয়া মহকুমা দুইটি জেলায় উন্নীত হয়। কুমিল্লা পৌরসভা দেশের প্রাচীনতম পৌরসভাসমূহের মধ্যে অন্যতম ঐতিহ্যবাহী পৌরসভা। ১৮৬৪ সালে ৩০শে নভেম্বর কুমিল্লা পৌরসভা প্রতিষ্ঠিত হয়। কুমিল্লা পৌরসভার আয়তন ১৭.৯৪ বর্গকিঃমিঃ। এতে সাধারণ আসনে ১৮টি ওয়ার্ড ছিল ও সংরক্ষিত ওয়ার্ড ছিল-০৬টি। কুমিল্লা পৌরসভার সীমানা ঘেষে ২০০৩ সালে কুমিল্লা সদর দক্ষিণ পৌরসভা গঠিত হয়। সদর দক্ষিণ পৌরসভার আয়তন ৩৫.১০ বর্গকিঃমিঃ। এতে সাধারণ আসনে ০৯টি ওয়ার্ড ছিল ও সংরক্ষিত ওয়ার্ড ছিল-০৩টি। প্রায় ১৬০ বছরের পুরোনো কুমিল্লা মিউনিসিপালিটি প্রতিষ্ঠার ১০৯ বছর পর স্বাধীনতা পরবর্তী সময়ে ১৯৭৩ সালের ২২ মার্চ কুমিল্লা পৌরসভা নামকরণের মাধ্যমে এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। ১০ জুলাই ২০১১ কুমিল্লা পৌরসভা ও কুমিল্লা সদর দক্ষিণ পৌরসভা একীভূত করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কুমিল্লা সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করে। বর্তমানে কুমিল্লা সিটি কর্পোরেশনের লোকসংখ্যা ০৮লক্ষাধিক এবং আয়তন ৫৩.০৪বর্গকিঃমিঃ। বর্তমানে কুমিল্লা সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব আরফানুল হক রিফাত।

**নগরের পরিবেশ ও প্রাকৃতিক সম্পদ এবং জাতীয়/আঞ্চলিক প্রেক্ষাপট**

প্রাকৃতিক সম্পদে ভরপুর কুমিল্লা জেলা। এ জেলার ব্রাহ্মণবাড়িয়ার নিকটবর্তী মুরাদনগর থানার বাখরাবাদে আবিস্কৃত হয়েছে ২টি প্রাকৃতিক গ্যাসক্ষেত্র। এখানে বর্তমানে ০৮ টি কূপ হতে গ্যাস উত্তোলন হচ্ছে। প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৮৪ সালে। আনুমানিক গ্যাস মজুদ ৩০/৩৫ মিলিয়ন কিউবিক ফিট। এছাড়া চৌদ্দগ্রাম উপজেলায় আবিস্কৃত হয়েছে সিলিকা বালি এবং এ জেলায় ছড়িয়ে আছে বিশেষ ধরণের আঠালো কাদামাটি, যা দিয়ে তৈরি হয় নিত্য ব্যবহার্য্য মাটির জিনিসপত্র। আরো রয়েছে ভূ-গর্ভস্থ পানি সম্পদ, যা সেচের কাজে সহায়তা করে।

**নগরের আর্থ-সামাজিক অবস্থা এবং জাতীয়/ আঞ্চলিক প্রেক্ষাপট**

শিক্ষা-শিল্প-সাহিত্য- সংস্কৃতির পাদপীঠ কুমিল্লা প্রাচীন ঐতিহ্য সমৃদ্ধ জেলা হিসেবে এ উপমহাদেশে সুপরিচিত। কুমিল্লার খাদি শিল্প, তাঁত শিল্প, কুটির শিল্প, মৃৎ ও কারু শিল্প, রসমালাই, মিষ্টি, ময়নামতির শীতল পাটি ইত্যাদি স্ব-স্ব ঐতিহ্যে স্বকীয়তা আজও বজায় রেখেছে। কালের বিবর্তনের ধারায় এসেছে অনেক কিছু, অনেক কিছু গেছে হারিয়ে, হারায়নি এখানকার মানুষের আন্তরিকতাপূর্ণ আতিথেয়তা ও সামাজিক সম্প্রীতি।

কুমিল্লার ঐতিহ্যবাহী অতীতের সাক্ষ্য বহন করছে এখানকার প্রত্নতাত্ত্বিক নির্দশনসমূহ। এ জেলার বেশ কয়েকটি স্থানে বহু মূল্যবান পুরাকীর্তি ও ঐতিহাসিক স্থানের সন্ধান পাওয়া গেছে। তেমনি এক ঐতিহাসিক স্থানের সন্ধান পাওয়া যায় লালমাই ময়নামতি পাহাড়ের ধ্বংসাবশেষ থেকে। এখনকার মাটি খুঁড়ে প্রাচীন সভ্যতার চিহ্ন খুজেঁ পাওয়া গেছে। এ পাহাড়ের পুরাকীর্তিগুলোর মধ্যে শালবন বিহার, কুটিলা মুড়া, চন্দ্রামুড়া, রূপবান মুড়া, ইটাখোলা মুড়া, সতের রত্নমুড়া, রাণীর বাংলোর পাহাড়, আনন্দবাজারের প্রাসাদসমূহ, চন্ডীমুড়া ইত্যাদি উল্লেখযোগ্য। এসব স্থান হতে উদ্ধারকৃত প্রত্নসম্পদ যেমন মূর্তি, ধাতব তৈজসপত্র ও অন্যান্য নিদর্শনসমূহ বর্তমানে ময়নামতি জাদুঘরে রক্ষিত আছে। অন্যান্য ঐতিহাসিক নির্দশনের মধ্যে রয়েছে সপ্তরত্ন মন্দির (জগন্নাথমন্দির), শাহ সুজা মসজিদ, ধর্মসাগর, চন্ডীমাতার মন্দির (বরুড়াতে লালমাই পাহাড়ের উপরে অবস্থিত), চান্দলা শিবমন্দির (ব্রাহ্মণপাড়া, অষ্টাদশ শতাব্দী), সতিশালা জামে মসজিদ, শশীদলের পাঁচ পীরের মাজার, হরিমঙ্গাল মাঠ, রামগর বড়মাঠ, সাইতশালা রামমোহন মন্দির, হাসনাবাদ মাঠ এবং হাতিয়াভাঙ্গা দূর্গ। কুমিল্লার প্রাচীন ইতিহাসের সাক্ষ্য বহনকারী এসব স্থান পর্যটকদের কাছে বিশেষভাবে আকর্ষণীয় । এছাড়াও কুমিল্লায় আগত পর্যটকগণ কোটবাড়ি, ক্যান্টনমেন্ট ইত্যাদি ঘুরে আনন্দ লাভ করেন। কোটবাড়িতে অবস্থিত বৌদ্ধ বিহারের ধ্বংসাবশেষ নিয়ে গঠিত ময়নামতি ভ্রমণপিপাসু পর্যকটকগণের প্রধান আকর্ষণ। কুমিল্লা ক্যান্টনমেন্ট থেকে ৩.১ কিলোমিটার দূরে অবস্থিত দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নিহত সৈনিকদের সমাধিক্ষেত্রটিও (ওয়ার সিমেট্রি) একটি গুরুত্বপূর্ণ পর্যটনকেন্দ্র। এখানে দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে বার্মা অধিগ্রহণকারী জাপানী সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনার সামরিক স্থাপনা ছিল। কুমিল্লার অপর একটি ঐতিহ্য পশ্চিমগাঁও নবাববাড়ি।

কুমিল্লা তথা দেশের প্রথম নারী নবাব ফয়জুন্নেসা, যিনি একাধারে কবি, শিক্ষাবিদ এবং মহৎ হৃদয়ের অধিকারী তিনি এখানে বাস করতেন। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম তার জীবনের বেশ কিছু সময় এখানে বসবাস করেছেন। তাঁর দুই স্ত্রী প্রমিলা দেবী এবং নারগিস উভয়েই কুমিল্লার অধিবাসী ছিলেন। দেশবিখ্যাত কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং কুমিল্লা জেলা স্কুল এখানকার সবচেয়ে প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠান। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD) কুমিল্লার কোটবাড়িতে অবস্থিত গুরুত্বপূর্ণ একাডেমী। গোমতীর তীরে অবস্থিত কুমিল্লা শহরে বেশ কয়েকটি বিখ্যাত জলাশয় রয়েছে। যেমন: ধর্মসাগর, রানীর দীঘি, নানুয়ার দীঘি, উজির দীঘি ইত্যাদি। কুমিল্লায় বহু মনীষী জন্মগ্রহণ করেছেন যারা বিভিন্ন সময়ে জাতীয় ও আন্তজার্তিক পর্যায়ে দেশের ভাবমূর্তি উজ্জল করেছেন। নবাব সিরাজুল ইসলাম, হরদয়াল নাগ, মহেশ চন্দ্র ভট্টাচার্য, নবাব স্যার সামশুল হুদা, রায় বাহাদুর অমিন্দচন্দ্র রায়, সৈয়দ আবদুল জব্বার, বসন্ত কুমার মজুমদার, ধীরেন্দ্র নাথ দত্ত, শচীন দেব বর্মন, এম এ আযম প্রমুখের সমাজসেবা, রাজনৈতিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক অবদানের কথা কুমিল্লাবাসী কখনও ভুলবেনা। ওস্তাদ মোহাম্মদ হোসেন, ফজলে নিজামি এবং ফুলেন্দু দাস কুমিল্লার সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ করেছেন। এছাড়া বিশিষ্ট সমাজবিজ্ঞানী ডঃ আখতার হামিদ খান তার উদ্ভাবিত কুমিল্লা মডেল এর সফল ব্যবহারের মাধ্যমে আর্ন্তজাতিকভাবে সুনাম অর্জন করেছেন। কুমিল্লার মুরাদনগর উপেজলায় বাখরাবাদে দেশের অন্যতম বৃহৎ গ্যাস ফিল্ড রয়েছে। অষ্টাদশ শতাব্দীর মাঝমাঝিতে ইস্ট ইন্ডিয়া কোম্পানী কুমিল্লা শহরের দক্ষিণে একটি বৃহৎ কটনমিল স্থাপন করে। সে সময়ে এখানে উৎপদিত সুতি বস্ত্র অন্যান্য জেলায় বিক্রি হত। কুমিল্লার খদ্দর যেমন সারাদেশে বিখ্যাত তেমনি দেশে-বিদেশে বিজয়পুরের মৃৎশিল্পের সুখ্যাতি রয়েছে। অন্যান্য কুটির শিল্পের মধ্যে বেতের কাজ, শীতল পাটি, হুকা, মাদুর ইত্যাদি বিখ্যাত।

**যোগাযোগের কেন্দ্রস্থল**

সাম্প্রতিক কয়েক বছরে কুমিল্লা শহর দ্রুত বিকাশ ও নগরায়ন প্রত্যক্ষ করেছে। ফলস্বরূপ, আশেপাশের এলাকার সাথে চলমান মিথস্ক্রিয়া থাকা সত্তেও; অপরিকল্পিত উন্নয়ন সার্বিকভাবে কুমিল্লা শহরের সমন্বিত নগর উন্নয়নের জন্য ভৌত সম্ভাবনাকে কিছুটা হ্রাস করেছে। উন্নয়ন ও বিকাশের শর্ত হিসেবে, কুমিল্লা শহরের জটিলাকার ধারণ করা সমস্যাসমূহের ক্ষেত্রে স্বাভাবিক ও ভাসমান অভিবাসনের চাপকে চ্যালেঞ্জ হিসেবে এবং আঞ্চলিক পরিকল্পনা ও উন্নয়নের ক্ষেত্রে সম্ভাবনা হিসেবে চিহ্নিত করতে হবে।

মহাসড়ক ও রেলপথকে জাতীয় মহাসড়ক ও রেলপথের পাশে কোন নির্দিষ্ট নীতিমালা ব্যতীত সংঘটিত বিশৃঙ্খল উন্নয়নের ধারক হিসেবে চিহ্নিত করা হয়। এই মহাপরিকল্পনায় জাতীয় মহাসড়ক ও রেলপথের পাশে পরিকল্পিত ও নিয়ন্ত্রিত উন্নয়নের জন্য প্রস্তাব রাখা হয়েছে। তবে এসকল করিডোরের পরিকল্পনা প্রণয়নের সময় যথাযথ সবুজ বেষ্টনীর মাধ্যমে সড়ক ও রেলপথের যানবাহনকে অন্যান্য অনুমোদিত কর্মকান্ড

থেকে পৃথক করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। চিহ্নিত এসকল মহাসড়ক ও রেলপথকে এগুলো উন্নয়নে সরকারের যথাযথ বিধিমালা প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে বুঝতে হবে যে, করিডোরসমূহের পাশে অনিয়ন্ত্রিত ও অপরিকল্পিত এই উন্নয়ন একসময় ঢাকা থেকে চট্টগ্রাম পর্যন্ত অকল্পনীয় রৈখিক নগর উন্নয়ন ঘটাবে।

ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক বাংলাদেশের একটি অন্যতম প্রধান মহাসড়ক, দেশের অর্থনীতির আয়ুরেখা। এটি রাজধানী ঢাকাকে চট্টগ্রাম মহানগরী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ গন্তব্যের সাথে সংযুক্ত করে। ঢাকা থেকে দাউদকান্দি পর্যন্ত, মেঘনা ও দাউদকান্দি সেতু বাদে, ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের ২৮ কিলোমিটার অংশ ২০০৫ সাল থেকেই ৪-লেন মহাসড়কে উন্নীত করা হয়েছে। এই মহাসড়কের বেশিরভাগ স্থানেই যানবাহনের প্রতিদিনের গড় ঘনত্ব ৪০,০০০ প্যাসেঞ্জার কার ইউনিট (পিসিইউ/দিন) অতিক্রম করেছে। যানবাহনের এই অতিরিক্ত চাপ দাউদকান্দি থেকে চট্টগ্রাম পর্যন্ত এই দুই লেনের মহাসড়কের ধারণক্ষমতা অতিক্রম করেছে; যার ফলাফল, অতিরিক্ত যানজট, বিলম্ব এবং দুর্ঘটনা। মহাসড়কের উপর যানবাহনের এই অতিরিক্ত চাপ সামাল দিতে সরকার দাউদকান্দি থেকে চট্টগ্রাম পর্যন্ত ১৯৪ কিলোমিটার দীর্ঘ দুই-লেনের বিদ্যমান মহাসড়ককে ভবিষ্যতে ছয়-লেনে উন্নীত করার সুযোগসহ চার-লেনের বিভাজিত সড়কে উন্নয়নের জন্য কাজ করছে।

এই প্রকল্পের কাজ সম্পন্ন হলে ঢাকা থেকে চট্টগ্রামে যাত্রার সময় প্রায় তিন ঘণ্টা হ্রাস পাবে। এই প্রকল্পের দ্বারা যানজট সমস্যা দূরীভূত হবে, যার ফলে বায়ুদূষণ হ্রাস পাবে। এছাড়া এর ফলে দেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলে ব্যবসা-বাণিজ্যের উন্নত সুবিধার কারণে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন সাধিত হবে।

**নগরের ঐতিহাসিক নিদর্শন**

ভিন্ন ভিন্ন সভ্যতায় কুমিল্লার একটি প্রাচুর্যময় প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য রয়েছে, যেগুলো বর্তমানে পর্যটক আকর্ষণের কেন্দ্রবিন্দু। এগুলোর মধ্যে সবচেয়ে বিখ্যাত হচ্ছে ময়নামতি বিহার যা মধ্যযুগের বৌদ্ধ সভ্যতার প্রাচুর্যের চিহ্ন ধারণ করে। জেলার বিভিন্ন স্থানে আবিষ্কৃত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ বর্তমানে ময়নামতি জাদুঘরে সংরক্ষিত আছে। ধর্মসাগর, শাহ সুজা মসজিদ, বীরচন্দ্র পাঠাগার, টাউনহল, রুপবান মুড়া, ইটাখোলা মুড়া, লালমাই মন্দির এবং রাজেশ্বরী কালিবাড়ি এসবই এখানকার প্রাচুর্যময় ঐতিহ্যের স্মারক। কুমিল্লার ময়নামতিতে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাধি রয়েছে যেখানে, দ্বিতীয় বিশ্বযুদ্ধে প্রাণত্যাগকারী সৈন্যদের চিরনিদ্রায় শায়িত আছেন। এটি সিডব্লিউজিসি, রক্ষণাবেক্ষণ করে থাকে। শহরের দক্ষিণ দিকে লাল পাথরের লালমাই পাহাড় অবস্থিত।

**নগরের প্রধান শিল্প ও বাণিজ্য এবং জাতীয়/আঞ্চলিক প্রেক্ষাপট**

প্রধানত কৃষিভিত্তিক হলেও কুমিল্লার অর্থনীতি এর বাণিজ্য ও কুটির শিল্পের দ্বারা সমৃদ্ধি লাভ করেছে। এক্ষেত্রে *'খাদি'* বস্ত্রের কথা উল্লেখ করা যায় যার বিশেষ ঐতিহাসিক গুরুত্বও রয়েছে।

অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে ইস্ট ইন্ডিয়া কোম্পানী কুমিল্লা জেলার দক্ষিণে চারপাতা এলাকায় একটি বিশাল কটন মিলা (Cotton Mill) বা তুলা কারখানা স্থাপন করে। সেসময় এখান থেকে তুলা অন্যান্য জেলাতে রপ্তানী হত। বর্তমানে কুমিল্লার খদ্দর বা খাদি সারাদেশে বিখ্যাত। উৎপাদন শিল্পের মধ্যে রয়েছে বস্ত্রশিল্প কারখানাঃ হালিমা টেক্সটাইল মিলস; লোহা ও ইস্পাত কারখানাঃ রাধারানী ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস, মোজাহের কো-অপারেটিভ মিলস, কাইয়ুম স্টিল মিলস লিঃ; ঔষধ কারখানাঃ স্কাইল্যাব, কুমিল্লা আয়ুর্বেদিক ফার্মেসি এবং অর্ক ইন্ডাস্ট্রি। মনোহরপুর এলাকায় কুমিল্লার মিষ্টি উৎপাদন শিল্প গড়ে উঠেছে। এটি একটি জনপ্রিয় শিল্প। এখানে থেকে আশেপাশের জেলাতে মিষ্টি রপ্তানী হয়। এই এলাকার অনেক পরিবারই এধরণের বাণিজ্যিক কর্মকান্ডের উপর নির্ভরশীল।

কুমিল্লা এলাকার মূল কৃষি উৎপাদগুলো হচ্ছে ধান, গম, আলু, পিয়াজ, রসুন, বেগুন এবং সবজি। প্রচুর পরিমাণ ফল যেমন; আম, কাঁঠাল, কলা এবং নারকেল এই এলাকায় উৎপাদিত হয়। কলা, বাঁশ, আদা, হলুদ, উপজাতীয়দের কাপড় প্রভৃতি দেশের বিভিন্ন স্থানে রপ্তানী করা হয়। কুমিল্লা শহরের কৃষিপণ্যের পাইকারী ও খুচরা ব্যবসা এই অঞ্চলে প্রসিদ্ধ। কুমিল্লা ইপিজেড এবং এখানকার বিদ্যমান উৎপাদনশীল শিল্পকারখানা যেমন; তুলা কারখানা, পাটকল, জুতার কারখানা প্রভৃতি এবং কুটির শিল্প যেমন; তাঁত, কাঠের হস্তশিল্প, পাটজাত পণ্য, নকশী কাঁথা প্রভৃতিও এই এলাকার অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

উন্নত সড়ক যোগাযোগ ব্যবস্থা আঞ্চলিক বাজারের সরবরাহে উৎপাদনশীল খাতে বিনিয়োগে সুবিধা প্রদান করে। ইদানিং, ভারতের সাথে সম্পর্ক উন্নত হওয়ায় সেদেশের পূর্বাঞ্চলের সাথে বাংলাদেশের বিনিয়োগ সম্ভাবনার নতুন দুয়ার উন্মোচিত হয়েছে। ভারতীয় সীমান্তের কাছাকাছি অবস্থিত হওয়ায় কুমিল্লা রপ্তানী নির্ভর শিল্পকারখানার জন্য খুবই উপযুক্ত একটি স্থান। কুমিল্লা থেকে প্রায় দেড়ঘণ্টা সময়ে ত্রিপুরার সাথে বাংলাদেশের স্থলবন্দর আখাউড়াতে পৌঁছানো যায়। এখানে শিল্পকারখানার জন্য উপযুক্ত স্থান এবং সস্তা শ্রমিক রয়েছে। স্বল্পব্যয়ে উৎপাদনকারী শিল্পকারখানা বসানোর জন্য কুমিল্লা একটি উৎকৃষ্ট স্থান। কুমিল্লা শহরের উন্নত নাগরিক সুবিধা সম্ভাব্য বিনিয়োগকারীদের জন্য বাড়তি উদ্দীপনা হিসেবে কাজ করে। কুমিল্লা শহর ও তৎসংলগ্ন প্রভাব এলাকার জন্য প্রণীত এই মহাপরিকল্পনাটি বাড়তি সুবিধা হিসেবে কাজ করবে।

এই শহরটিতে পর্যাপ্ত শ্রমিক, আবাসন, ব্যাংকিং সুবিধা, পরিবহন সুবিধা, বিদ্যুৎ, পানি, ড্রেনেজ ব্যবস্থা, বর্জ্য ব্যবস্থাপনা এবং অন্যান্য সুবিধা বিদ্যমান যা উৎপাদনশীল শিল্পকারখানার জন্য অর্থনৈতিক সুবিধা তৈরি করে এবং উৎপাদন খরচ কমিয়ে দেয়। এসকল সুবিধা এখানে দেশী ও বিদেশী বিনিয়োগকে আকৃষ্ট করবে ফলে, সম্মুখ ও পশ্চাৎ সংযুক্ত শিল্পকারখানা স্থাপনের মাধ্যমে বিপুল কর্মসংস্থান সৃষ্টি স্থানীয় অর্থনীতির উন্নতি ঘটবে।কুমিল্লাতে একটি রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা (ইপিজেড) রয়েছে যা শহরের পূর্বদিকে অবস্থিত প্রাক্তন কুমিল্লা বিমানবন্দরের স্থানে স্থাপিত। এটি বাংলাদেশের দ্রুত-বর্ধনশীল ইপিজেড সমূহের একটি। কুমিল্লা ইপিজেড চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১৬৭ কিলোমিটার এবং ঢাকা থেকে ৯৭ কিলোমিটার দূরে অবস্থিত। এর সর্বমোট আকার ১০৮.২৮ হেক্টর (২৬৭.৪৬ একর) যাতে ২০০০ বর্গমিটার আকারের সর্বমোট ২১১টি প্লট রয়েছে। যদিও সকল প্লটে এখনও কারখানা স্থাপিত হয়নি, তবে প্লট বরাদ্দের কার্যক্রম এবং অন্যান্য আনুষ্ঠানিকতা এখন চলছে। এর অভ্যন্তরীণ অবকাঠামো এবং সমুদ্রবন্দর ও রাজধানীসহ আশেপাশের অঞ্চলের সাথে এর উন্নত সংযোগ ব্যক্তি খাতের অনেক উদ্যোক্তাকে এই ইপিজেড-এ শিল্প স্থাপনে আগ্রহী করে তুলবে। ব্যাংকিং সুবিধা, যাতায়াত সুবিধা, কাঁচামালের সহজলভ্যতা, বিদ্যুৎ ও পানি সরবরাহ ব্যবস্থা এবং সস্তা শ্রম ও অন্যান্য সুবিধা এই ইপিজেডকে বিনিয়োগবান্ধব করে তুলেছে। আশা করা যায় যে এই ইপিজেড আরোও বিকশিত হবে এবং কুমিল্লা শহরের জন্য একটি ভাল আয়ের খাত হিসেবে চিহ্নিত হবে।

## ২.২ ২০২২-২০২৩ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জনসমূহ:

| | |
|---|---|
| ভৌত অবকাঠামো উন্নয়ন | ▪ রাস্তা উন্নয়ন: ৩১.৫০ কি:মি:<br>▪ ড্রেন উন্নয়ন: ১৯.৪০ কি:মি:<br>▪ ফুটপাত উন্নয়ন: ০৩.৫০ কি: মি: |
| বর্জ্য ব্যবস্থাপনা | ▪ বর্জ্য সংগ্রহ: ৮৫.২৫%<br>▪ ড্রেন/নর্দমা পরিষ্কার: ১২৫ কি:মি: |
| জনস্বাস্থ্য | ▪ নিরাপদ পানি উৎপাদন: ১০৪ মিলিয়ন লিটার / প্রতিদিন<br>▪ পাইপ লাইন মেরামত: ৮০ টি<br>▪ মশক নাশক ঔষধ ছিটানো: ৭০% |
| সমাজকল্যান, শিক্ষা ও সংস্কৃতি | ▪ দরিদ্রদেরকে আর্থিক সহায়তা প্রদান:<br>▪ সিজিপি এবং LIUPC এর মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির সামজিক, আর্থিক ও শিক্ষাগত সহযোগিতা প্রদান। |
| প্রশাসনিক উন্নতিকরণ | ▪ জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ<br>▪ বার্ষিক কর্মসম্পাদক চুক্তি বাস্তবায়ন |
| নাগরিক সম্পৃক্তকরণ | ▪ সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ<br>▪ বছরে দুইবার নাগরিকদের সাথে মতবিনিময় সভা করণ<br>▪ অভিযোগ গ্রহণের জন্য অভিযোগ বক্স স্থাপন |
| | ▪ নাগরিক সম্পৃক্ততা ও নাগরিক জরীপ |

## ৩. রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য(Mission)

### ৩.১ রূপকল্প (Vision)

"২০৪০ সালের মধ্যে কুমিল্লা সিটি কর্পোরেশনকে আধুনিক, শিক্ষা, প্রযুক্তি, স্বাস্থ্য সম্বলিত এবং পরিবেশ বান্ধব পরিকল্পিত আধুনিক সিটি কর্পোরেশন হিসাবে গড়ে তোলা হবে"।

### ৩.২ অভিলক্ষ্য (Mission)

- পরিকল্পিত নগরী গড়ে তোলার লক্ষ্যে মহা-পরিকল্পনার আওতায় ভূমি ব্যবহার পরিকল্পনা, রোড নেটওয়ার্ক, পরিবহন ও যোগাযোগ পরিকল্পনা, ড্রেনেজ মহা-পরিকল্পনা ও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;
- পরিকল্পিত নিরাপদ শিল্পনগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভূমি ব্যবহার পরিকল্পনা ও পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনার আওতায় শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা কঠোরভাবে নিয়ন্ত্রণ করা;
- নাগরিক সেবা সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে মান-সম্পন্ন সকল প্রকার ভৌত অবকাঠামো ও নাগরিক সেবা প্রদান করা;
- নিরাপদ শহর গড়ার লক্ষ্যে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ কর্মসূচী গ্রহন করা;
- আর্থিক ও প্রাতিষ্ঠানিকভাবে দক্ষ ও স্বয়ং সম্পূর্ণ সিটি কর্পোরেশন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল নিয়োগ ও প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনাসহ সিটি কর্পোরেশনের সকল পরিচালন ব্যবস্থার উন্নয়ন ও সংস্কার করা।
- কুমিল্লা মহানগরীকে ভবিষ্যতে রাজধানীর বিকল্প ২য় আবাসিক নগরী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ইমারত, রাস্তা-ঘাট, অবকাঠামো ও অন্যান্য সুবিধাদি সৃষ্টির ব্যবস্থা করা৪. **সাংগঠনিককাঠামো ও মানবসম্পদ**

### ৪.১ বিভাগসমূহ ও জনবল

৩০ জুন ২০২৩ পর্যন্ত

| | কর্মকর্তা-কর্মচারী ও দৈনিক হাজিরাভিত্তিক জনবলের সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|
| **বিভাগ** | প্রথমশ্রেণী | দ্বিতীয়শ্রেণী | তৃতীয়শ্রেণী | চতুর্থশ্রেণী | হাজিরাভিত্তিক |
| প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর | ১ | ০ | ০ | ১ | ৩ |
| সচিবের দপ্তর | ০ | ০ | ৪ | ১ | ৪৭ |
| রাজস্ব | ০ | ০ | ৯ | ২ | ৬৯ |
| হিসাব | ২ | ০ | ২ | ০ | ৮ |
| প্রকৌশলী | ৩ | ৬ | ৯ | ৯ | ১৪৬ |
| জনস্বাস্থ্য | ০ | ০ | ৬ | ৫ | ১২ |
| বর্জ্য ব্যবস্থাপনা | ০ | ০ | ১ | ০ | ৫৫০ |
| পানি | ০ | ০ | ৮ | ২ | ৫০ |
| **মোট** | **৬** | **৬** | **৩৯** | **২০** | **৮৮৫** |
| **সর্বমোট** | | | **৯৫৬** | | |

**৪.২ মাননীয় মেয়র ও কাউন্সিলরবৃন্দের মোবাইল নম্বর:**

| | | | |
|---|---|---|---|
| জনাব আরফানুল হক রিফাত | | **মাননীয় মেয়র** | ফোন: ০৮১-৭৬০৯৯<br>মোবা: ০১৭১১-৩৩১২২৫<br>০১৮৪১-৩৩১২২৫ |
| **ক্রঃ নং** | **সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের নাম** | **ওয়ার্ড নং** | **মোবাইল নম্বর** |
| ০১. | কাউছারা বেগম | ০১, ০২, ০৩ | ০১৭২৬-৮২০৬৫৪ |
| ০২. | নাদিয়া নাসরিন | ০৪, ০৫, ০৬ | ০১৯২৬-১৩৩২৯৮ |
| ০৩. | উম্মে কুলসুম | ০৭, ০৮, ০৯ | ০১৭২৭-৫১৮১৫১ |
| ০৪. | রুমা আক্তার | ১০, ১১, ১২ | ০১৭১১-৩৪২৯৪৮ |
| ০৫. | নূর জাহান আলম(পুতুল) | ১৩, ১৪, ১৫ | ০১৭১১-৩০৭৪২৯ |
| ০৬. | নেহার বেগম | ১৬, ১৭, ১৮ | ০১৯১৮-৭০৮৭৮৮ |
| ০৭. | তাহমিনা আক্তার | ১৯, ২০, ২১ | ০১৭৫৮-০৩৪৩১১ |
| ০৮. | ফারহানা পারভীন | ২২, ২৩, ২৪ | ০১৭২৭-২৮৭৯৮৮ |
| ০৯. | শাহীন আক্তার | ২৫, ২৬, ২৭ | ০১৮৬৩-১৪০১৬৫ |
| **সাধারণ আসনের কাউন্সিলরগণের নাম** | | | |
| ১০. | কাজী গোলাম কিবরিয়া | ০১ | ০১৭১১-৩৯১৪৪২ |
| ১১. | গাজী গোলাম ছারোয়ার | ০২ | ০১৭৩৩-৪১৯৫৮১ |
| ১২. | সরকার মাহমুদ জাবেদ | ০৩ | ০১৭১১-৩২২৩৪১ |
| ১৩. | মো: নাছির উদ্দিন নাজিম | ০৪ | ০১৯১১-৪১৯২৮৮ |
| ১৪. | সৈয়দ রায়হান আহমেদ | ০৫ | ০১৭১৭-০৩২০৮০ |
| ১৫. | মো: আমিনুল ইকরাম | ০৬ | ০১৭১৫-৮২৬০৬০ |
| ১৬. | আব্দুর রহমান | ০৭ | ০১৭১১-৩১৬৮৬৮ |
| ১৭. | মোহাম্মদ একরাম হোসেন | ০৮ | ০১৭১১-১৭৬৬৭৬ |
| ১৮. | জমীর উদ্দিন খান জম্পি | ০৯ | ০১৭১১-৩২৯০৪৮ |
| ১৯. | মো: মনজুর কাদের(মনি) | ১০ | ০১৭১১-১০১৯৬০, ০১৯২০-১৯৬০৯৪ |
| ২০. | হাবিবুর আল-আমিন সাদী | ১১ | ০১৭১১-১৪৯১১৫ |
| ২১. | কাজী জিয়াউল হক | ১২ | ০১৭১১-৩৪৫৯৫১ |
| ২২. | মোঃ রাজিউর রহমান | ১৩ | ০১৯৭৯-০০২২৩৩ |
| ২৩. | আবুল কালাম আজাদ | ১৪ | ০১৭৪৩-৯০২০৮২ |
| ২৪. | সাইফুল বিন জলিল | ১৫ | ০১৮১৫-২৮০০০১ |
| ২৫. | মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ১৬ | ০১৭১১-৩৪১১৬২ |
| ২৬. | হানিফ মাহমুদ | ১৭ | ০১৭১৭-৮৩৪৬৬৮ |
| ২৭. | মোহাম্মদ শওকত আকবর | ১৮ | ০১৮১৮-৭৫৯০৯৭ |
| ২৮. | মো: রেজাউল করিম | ১৯ | ০১৭৪০-৯৯৩৪৯৬ |
| ২৯. | মো: আনোয়ার হোসেন | ২০ | ০১৭১৮-৩৭২৬৮৭ |
| ৩০. | কাজী মাহবুবুর রহমান | ২১ | ০১৭১১-৩৩৭৬৪৫ |
| ৩১. | মো: আজাদ হোসেন | ২২ | ০১৭১১-৭১৬৩০১ |
| ৩২. | মো: আনিসুজ্জামান | ২৩ | ০১৭৩৩-৫৪৩২৮৩ |
| ৩৩. | মো: মহিবুর রহমান | ২৪ | ০১৭১১-৩২২৩৬৮ |
| ৩৪. | মো: এমদাদুউলস্নাহ | ২৫ | ০১৭২০-৮৪১৪৭৭ |
| ৩৫. | মো: আব্দুস সত্তার | ২৬ | ০১৮১৭-০৮২৭১৭ |
| ৩৬. | মো: আবুল হাসান | ২৭ | ০১৯২১-৪৭৪৮৮০ |

## ৫. বাজেট এবং আর্থিক বিবরণী

### ৫.১ সংক্ষিপ্ত আর্থিক বিবরণী

(১) প্রাপ্তি

(একক: হাজার টাকা)

| | অর্থ বছর ২০২১-২০২২ | অর্থ বছর ২০২২-২০২৩ | | | |
|---|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (আ) | প্রকৃত (অ) | প্রকৃত প্রাপ্তির হার অ/আ X ১০০ | % (শতকরা) প্রকৃত অংশ |
| রাজস্ব (পুনরাবৃত্ত) খাতে প্রাপ্তি | ৪,০৮,০৪০.৬০ | ৬,৭৯,২৯৭.০৬ | ৫,০৪,৬১২.৫৩ | ৭৪.২৮ | |
| উন্নয়ন খাতে প্রাপ্তি | ৩৯,৬৬,৩৩৭.৪৭ | ৫৬,৮১,৭৪৬.৭৬ | ২৩,৩৫,৪৬২.৬৬ | ৪১.১০ | |
| **মোট প্রাপ্তি** | **৪৩,৭৪,৩৭৮.০৭** | **৬৩,৬১,০৪৩.৮২** | **২৮,৪০,০৭৫.১৯** | | |

(২)
পরিশোধ (ব্যয়)

(একক: হাজার টাকা)

| | অর্থ বছর ২০২১-২০২২ | অর্থ বছর ২০২২-২০২৩ | | | |
|---|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (আ) | প্রকৃত (অ) | প্রকৃত ব্যয়ের হার অ/আ X ১০০ | % (শতকরা) প্রকৃত অংশ |
| রাজস্ব খাতে ব্যয় (পুনরাবৃত্ত) | ২,৯১,৪৮৪.৭২ | ৪,৪৮,৬১৩.০০ | ৩,৫৮,০৮৮.৫০ | ৭৯.৮২ | |
| উন্নয়ন খাতে ব্যয় | ১০,৫২,২১৬.১২ | ৫৯,৮২,৫৪৬.৭৬ | ১৭,৫৫,৯৭৯.৯৪ | ২৯.৩৫ | |
| **মোট ব্যয়** | **১৩,৪৩,৭০০.৮৪** | **৬৪,৩১,১৫৯.৭৬** | **২১,১৪,০৬৮.৪৪** | | |

(৩) ব্যয় সম্পাদন
(১) পরিকল্পিত ও প্রকৃত ব্যয়

(একক: হাজার টাকা)

| | অর্থ বছর ২০২১-২০২২ | অর্থ বছর ২০২২-২০২৩ | | |
|---|---|---|---|---|
| | প্রকৃত | বাজেট (আ) | প্রকৃত (অ) | সম্পাদনের হার (অ/আ X ১০০) (%) |
| সাধারন সংস্থাপন | ১,১৮,৩১৮.৪২ | ১,৮০,৭০০.০০ | ১,১৯,৬০০.৯১ | ৬৬.১৯ |
| শিক্ষা | ০.০০ | ৪৮.০০ | ০.০০ | ০.০০ |
| স্বাস্থ্য | ৩,১২২.৯০ | ৯,৯০০.০০ | ৭৬০.৬৪ | ৭.৬৮ |
| কঞ্জারভেন্সি | ৬১,৮৭৩.৪৯ | ৮৬,৬৫০.০০ | ৯৭,৯৭৪.৪৪ | ১১৩.০৭ |
| সড়ক বাতি | ৪১,৩৭৫.৩৪ | ৬৫,১৫০.০০ | ৫৬,৫৮১.৫০ | ৮৬.৮৫ |
| উন্মুক্ত স্থান, বৃক্ষরোপন, রক্ষণাবেক্ষণ এবং বাগান উন্নয়ন | ২০.৫০ | ৩০০.০০ | ০.০০ | ০.০০ |
| দু:স্থ ব্যক্তি, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে সহায়তা | ২,৭০৪.০০ | ৫,৫০০.০০ | ৬,৩৫৮.৪৫ | ১১৫.৬১ |
| খেলাধুলা ও সংস্কৃতি | ২,২৯৩.০০ | ৩০০.০০ | ৫৫১.০১ | ১৮৩.৬৭ |
| পানি সরবরাহ | ১৪,৯৩৪.৩৯ | ৪১,৩১৫.০০ | ২৭,১৩৫.০০ | ৬৫.৬৮ |
| অন্যান্য | ৪৬,৮৪২.৬৮ | ৫৮,৭৫০.০০ | ৪৯,১২৬.৫৫ | ৮৩.৬২ |
| রাজস্ব খাতে মোট ব্যয় (উন্নয়ন খাতে স্থানামত্মরসহ) | ৫,৩৮,৬০৫.০০ | ৩,৮৯,৮২৩.০৭ | ৫,৯৮,৬১৩.০০ | ১৫৩.৫৬ |
| রাজস্ব খাতে মোট ব্যয় (উন্নয়ন খাতে স্থানান্তর ব্যতীত) | ৪,৬৮,৬০৫.০০ | ২,৯১,৪৮৪.৭২ | ৪,৪৮,৬১৩.০০ | ১৫৩.৯১ |

(৩) সংক্ষিপ্ত আর্থিক বিবরণী

আর্থিক বিবরণী (সংক্ষিপ্ত)

(একক: হাজার টাকা)

| বিবরণ | অর্থ বছর ২০২১-২০২২ | | অর্থ বছর ২০২২-২০২৩ | |
|---|---|---|---|---|
| | বাজেট | প্রকৃত | বাজেট | প্রকৃত |
| **রাজস্ব খাতে প্রাপ্তি** | | | | |
| **উপ-বিভাগ ১ (কর, রেইট, ফিস ও অন্যান্য) থেকে প্রাপ্তি** | | | | |
| ক. কর | ২,৬১,৫২১.৫৯ | ২,৫৭,০৩০.০৮ | ৩,৪৭,৯৪০.৫৯ | ৩,৩৯,১০৩.৯৩ |
| খ. রেইট | ৯০,৯৯৩.৪৮ | ৪৫,৭০২.০৭ | ১,১৮,৬৬৬.৪৭ | ৫৪,৮৮১.৩৩ |
| গ. ফিস | ৩১,৪২০.০০ | ২৪,১৬৫.৪৩ | ৩০,৮৯০.০০ | ১৬,৪৫৮.৪৭ |
| ঘ. ইজারা | ২৯,৩২০.০০ | ৩৯,৫৫২.৩০ | ৪৪,০০০.০০ | ৪১,৬২৪.২৮ |
| ঙ. অন্যান্য | ১৪,৯৫০.০০ | ১৫,৯২৪.০৬ | ২২,৯৭০.০০ | ১৭,২৪৫.০৭ |
| চ. সরকারি রাজস্ব অনুদান | ১৬,০০০.০০ | ৭,৫৭৭.০০ | ৪১,৭০০.০০ | ১০,৮১৬.০৯ |
| **উপ-বিভাগ ১ থেকে মোট প্রাপ্তি** | **৪,৪৪,২০৫.০৭** | **৩,৮৯,৯৫০.৯৪** | **৬,০৬,১৬৭.০৬** | **৪,৮০,১২৯.১৭** |
| **উপ-বিভাগ ২ (পানি সরবরাহ) থেকে প্রাপ্তি** | | | | |
| ক) মাসিক পানির বিল | ১৮,০০০.০০ | ১৭,৮৪৫.৩৮ | ৭২,৪৬০.০০ | ২৪,০০০.০০ |
| খ) পানির রেইট | ৯,৯০৫.৯৪ | ৪,৮৩২.৫৭ | ১২,৯৬২.৯৪ | ৫,৯৯৬.৬৪ |
| গ) অন্যান্য | ৬,৮০৭.০০ | ২৪৪.২৮ | ৬৭০.০০ | ৩৪২.৮০ |
| **উপ-বিভাগ ২ পানি সরবরাহ থেকে মোট প্রাপ্তি** | **৩৪,৭১২.৯৪** | **২২,৯২২.২৩** | **৮৬,০৯২.৯৪** | **৩০,৩৩৯.৪৪** |
| বাদঃ উপ-বিভাগ ১ থেকে স্থানামন্তর (রাজস্ব) | **৯,৯০৫.৯৪** | **৪,৮৩২.৫৭** | ১২,৯৬২.৯৪ | **৫,৮৫৬.০৮** |
| **সমন্বয়ের পরে উপ-বিভাগ ২ (পানি সরবরাহ) থেকে মোট প্রাপ্তি** | **২৪,৮০৭.০০** | **১৮,০৮৯.৬৬** | **৭৩,১৩০.০০** | **২৪,৪৮৩.৩৬** |
| **মোট রাজস্ব প্রাপ্তি (উপ-বিভাগ ১ + উপ-বিভাগ ২ সমন্বয়ের পর)** | **৪,৬৯,০১২.০৭** | **৪,০৮,০৪০.৬০** | **৬,৭৯,২৯৭.০৬** | **৫,০৪,৬১২.৫৩** |
| **উন্নয়ন খাতে প্রাপ্তি** | | | | |
| ক) সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা অনুদান | ১,৫০,০০০.০০ | ১,২৪,০৬৮.০০ | ২,২০,০০০.০০ | ১,১৩,৪৮৭.৫০ |
| খ) রাজস্ব খাতের উদ্বৃত্ত | ৭০,০০০.০০ | ৯৮,৩৩৮.৩৫ | ১,৫০,০০০.০০ | ১,০৬,৬০৪.৩৫ |
| গ) অনুদান | - | - | - | - |
| ঘ) উন্নয়ন অংশীদারদের অর্থায়ন প্রকল্প | ৩৮,১৬,৩৩৭.৪৭ | ৬,৬৮,৯৩৭.৪৭ | ৫৪,৬১,৭৪৬.৭৬ | ২২,২১,৯৭৫.১৬ |
| **উন্নয়ন খাতে মোট প্রাপ্তি** | **৪০,৩৬,৩৩৭.৪৭** | **৮,৯১,৩৪৩.৮২** | **৫৮,৩১,৭৪৬.৭৬** | **২৪,৪২,০৬৭.০১** |
| বাদঃ অভ্যন্তরীণ স্থানান্তর (রাজস্ব উদ্বৃত্ত অথবা অন্য খাত থেকে) | ৭০,০০০.০০ | ৯৮,৩৩৮.৩৫ | ১,৫০,০০০.০০ | ১,০৬,৬০৪.৩৫ |
| **উন্নয়ন খাতে মোট প্রাপ্তি (সমন্বিত)** | **৩৯,৬৬,৩৩৭.৪৭** | **৭,৯৩,০০৫.৪৭** | **৫৬,৮১,৭৪৬.৭৬** | **২৩,৩৫,৪৬২.৬৬** |
| **মোট প্রাপ্তি (রাজস্ব এবং উন্নয়ন খাত)** | **৪৪,৩৫,৩৪৯.৫৪** | **১২,০১,০৪৬.০৭** | **৬৩,৬১,০৪৩.৮২** | **২৮,৪০,০৭৫.১৯** |
| | | | | |
| **রাজস্ব খাতে ব্যয়** | | | | |
| **উপ-বিভাগ ১ খাতে ব্যয়** | - | - | - | - |
| ক) সাধারন সংস্থাপন | ১,৮৩,৬৪০.০০ | ১,১৮,৩১৮.৪২ | ১,৮০,৭০০.০০ | ১,১৯,৬০০.৯১ |
| ক) শিক্ষা | ৬০.০০ | ০.০০ | ৪৮.০০ | ০.০০ |
| গ) স্বাস্থ্য | ৪,৬০০.০০ | ৩,১২২.৯০ | ৯,৯০০.০০ | ৭৬০.৬৪ |
| ঘ) কঞ্জারভেন্সি | ৯০,৩৫০.০০ | ৬১,৮৭৩.৪৯ | ৮৬,৬৫০.০০ | ৯৭,৯৭৪.৪৪ |
| ঙ) সড়ক বাতি | ৫১,১৫০.০০ | ৪১,৩৭৫.৩৪ | ৬৫,১৫০.০০ | ৫৬,৫৮১.৫০ |
| চ) উন্মুক্ত স্থান, বৃক্ষরোপন, রক্ষণাবেক্ষণ এবং বাগান উন্নয়ন | ২০০.০০ | ২০.৫০ | ৩০০.০০ | ০.০০ |
| ছ) দু:স্থ ব্যক্তি, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে সহায়তা | ৩,৬০০.০০ | ২,৭০৪.০০ | ৫,৫০০.০০ | ৬,৩৫৮.৪৫ |
| জ) খেলাধুলা ও সংস্কৃতি | ২,০০০.০০ | ২,২৯৩.০০ | ৩০০.০০ | ৫৫১.০১ |
| ঝ) বিবিধ | ১,০৯,৫৯০.০০ | ৪৬,৮৪২.৬৮ | ৫৮,৭৫০.০০ | ৪৯,১২৬.৫৫ |
| ঞ) পানি সরবরাহ খাতে স্থানামন্তর (উপ-বিভাগ ২) | - | - | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ট) উন্নয়ন খাতে স্থানামন্তর | ৭০,০০০.০০ | ৯৮,৩৩৮.৩৫ | ১,৫০,০০০.০০ | ১,০৬,৬০৪.৩৫ |
| **উপ-বিভাগ ১ খাতে মোট ব্যয় এবং স্থানামন্তর** | **৫,১৫,১৯০.০০** | **৩,৭৪,৮৮৮.৬৮** | **৫,৫৭,২৯৮.০০** | **৪,৩৭,৫৫৭.৮৫** |
| বাদঃ অভ্যমন্তরীণ স্থানামন্তর (উন্নয়ন এবং পানি সরবরাহ খাতে) | ৭০,০০০.০০ | ৯৮,৩৩৮.৩৫ | ১,৫০,০০০.০০ | ১,০৬,৬০৪.৩৫ |
| **রাজস্ব খাতে মোট পরিশোধ (উপ-বিভাগ ১)-সমন্বয়ের পর** | **৪,৪৫,১৯০.০০** | **২,৭৬,৫৫০.৩৩** | **৪,০৭,২৯৮.০০** | **৩,৩০,৯৫৩.৫০** |
| উপ-বিভাগ ২ (পানি সরবরাহ) খাতে ব্যয় | ২৩,৪১৫.০০ | ১৪,৯৩৪.৩৯ | ৪১,৩১৫.০০ | ২৭,১৩৫.০০ |
| **পানি সরবরাহ খাতে মোট ব্যয়** | ২৩,৪১৫.০০ | ১৪,৯৩৪.৩৯ | ৪১,৩১৫.০০ | ২৭,১৩৫.০০ |
| বাদঃ অভ্যমন্তরীণ স্থানামন্তর (উন্নয়ন, মূলধন ইত্যাদি খাতে) | - | - | - | - |
| **উপ-বিভাগ ২ (পানি সরবরাহ) খাতে মোট ব্যয়-সমন্বয়ের পর** | **২৩,৪১৫.০০** | **১৪,৯৩৪.৩৯** | **৪১,৩১৫.০০** | **২৭,১৩৫.০০** |
| **রাজস্ব খাতে মোট ব্যয় (উপ-বিভাগ ১ + উপ-বিভাগ ২ সমন্বয়ের পর)** | **৪,৬৮,৬০৫.০০** | **২,৯১,৪৮৪.৭২** | **৪,৪৮,৬১৩.০০** | **৩,৫৮,০৮৮.৫০** |
| **উন্নয়ন খাতে ব্যয়** | | | | |
| ক) সিটি কর্পোরেশন ও ডিপিপি ব্যতীত সরকারি অর্থায়নে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন | - | - | - | - |
| খ) সিটি কর্পোরেশন ও ডিপিপি ব্যতীত সরকারি অর্থায়নে অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৩,৯৫,১০০.০০ | ১,৩৭,২৭৯.৩৪ | ৩,৫৮,৮০০.০০ | ৫২,০৪৩.৪৫ |
| গ) সিটি কর্পোরেশন ও ডিপিপি ব্যতীত সরকারি অর্থায়নে কঞ্জারভেন্সি, পানি সরবরাহ ও সড়কবাতির জন্য অবকাঠামোগত, যানবাহন ও সরঞ্জামাদি ক্রয় | ৪৯,৫০০.০০ | ৫৯,০৯০.৫৭ | ২৬,০০০.০০ | ২৩,০০০.০০ |
| ঘ) ডিপিপি এবং উন্নয়ন অংশীদারদের অর্থায়নে প্রকল্প | ৩৫,৬৮,৮৩৭.৪৭ | ৮,৫৫,৮৪৬.২১ | ৫৫,৯৭,৭৪৬.৭৬ | ১৬,৮০,৯৩৬.৪৯ |
| **উন্নয়ন খাতে মোট ব্যয়** | **৪০,১৩,৪৩৭.৪৭** | **১০,৫২,২১৬.১২** | **৫৯,৮২,৫৪৬.৭৬** | **১৭,৫৫,৯৭৯.৯৪** |
| **মোট ব্যয় (রাজস্ব ও উন্নয়ন খাত)** | **৪৪,৮২,০৪২.৪৭** | **১৩,৪৩,৭০০.৮৪** | **৬৪,৩১,১৫৯.৭৬** | **২১,১৪,০৬৮.৪৪** |
| **নগদ বৃদ্ধি/ হ্রাস (মোট প্রাপ্তি বাদ মোট ব্যয়)** | **-৪৬,৬৯২.৯৩** | **-১৪২,৬৫৪.৭৭** | **-৭০,১১৫.৯৪** | **৭,২৬,০০৬.৭৫** |
| প্রারম্ভিক নগদ (বৎসরের শুরুন্নতে) | ৩,৯৫,৪৬৮.৪২ | ৬,৫২,৮৭০.১৪ | ৪,৪৬,৯২৩.৫৩ | ৫,১৫,০৪৭.৯৩ |
| **সমাপনি নগদ (বৎসরের শেষে)** | **৩,৪৮,৭৭৫.৪৯** | **৫,১০,২১৫.৩৭** | **৩,৭৬,৮০৭.৫৯** | **১২,৪১,০৫৪.৬৮** |

### ৫.২ রাজস্ব আদায়

(একক: হাজার টাকা)

১. হোল্ডিং ট্যাক্স

| রেইট | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
|---|---|---|---|---|
| | প্রকৃত | চাহিদা | প্রকৃত | সংগ্রহের হার |
| ভুমি ও ইমারতের ট্যাক্স ৭% | ৩,৬২,১১,৭২৯.০০ | ৭,৬৪,২৫,১৩৭.০০ | ৪,৬৫,৬৩,৭৪২.০০ | ৬০.৯৩% |
| কনজারভেন্সি রেইট ৭% | ৩,৬২,১১,৭২৯.০০ | ৭,৬৪,২৫,১৩৭.০০ | ৪,৬৫,৬৩,৭৪২.০০ | ৬০.৯৩% |
| সড়কবাতি রেইট ২% | ১,০৩,৪৬,২০৮.০০ | ২,১৮,৩৫,৭৫৩.০০ | ১,৩৩,০৩,৯২৪.০০ | ৬০.৯৩% |
| পানি সরবরাহ রেইট ১% | ৫১,৭৩,১০৪.০০.০০ | ১,০৯,১৭,৮৭৬.০০ | ৬৬,৫১,৯৬২.০০ | ৬০.৯৩% |
| মোট হোল্ডিং ট্যাক্স ১৭% | ৮,৭৯,৪২,৭৭০.০০ | ১৮,৫৬,০৩,৯০৩.০০ | ১১,৩০,৮৩,৩৭০.০০ | ৬০.৯৩% |

২. ওয়ার্ডভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায়

| | ২০২১-২২ অর্থবছর | ২০২২-২৩ অর্থবছর | | | ২০২২-২৩ অর্থবছর শেষে বকেয়া |
|---|---|---|---|---|---|
| | প্রকৃত | চাহিদা | প্রকৃত | দক্ষতা | |
| ওয়ার্ড ১ | ১৪,০৬,৬৫০.০০ | ১৪,০২,৭৩০.০০ | ৯,২৮,৬৬০.০০ | ৬৬.২০% | ৪,৭৪,০৭০.০০ |
| ওয়ার্ড ২ | ১৬,০২,৮৫৪.০০ | ২১,৮৮,৬৬৯.০০ | ১৬,০০,৫০২.০০ | ৭৩.১৩% | ৫,৮৮,১৬৭.০০ |
| ওয়ার্ড ৩ | ৬২,৫৫,৬১০.০০ | ১,১৭,১৪,৮২৯.০০ | ৬৩,৩২,৬০১.০০ | ৫৪.০৬% | ৫৩,৮২,২২৮.০০ |
| ওয়ার্ড ৪ | ২৩,৯৪,৬৬৬.০০ | ৪৭,৪৭,৬৬০.০০ | ২২,৩৬,০০০.০০ | ৪৭.১০% | ২৬,১১,৬৬০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ওয়ার্ড ৫ | ৩৬,৫৯,৯৩০.০০ | ৮৭,৬৬,৯০৬.০০ | ৩৩,১৬,৪৬২.০০ | ৩৭.৮৩% | ৫৪,৫০,৪৪৪.০০ |
| ওয়ার্ড ৬ | ২০,০১,৫৫০.০০ | ৪১,৮২,১৬৪.০০ | ১৭,৭১,৫৬৩.০০ | ৪২.৩৬% | ২৪,১০,৬০১.০০ |
| ওয়ার্ড ৭ | ২৬,৯০,২৩০.০০ | ৮২,৩০,৩৪০.০০ | ৩৪,২৯,৮৫৩.০০ | ৪১.৬৭% | ৪৭,০০,৪৮৭.০০ |
| ওয়ার্ড ৮ | ৭১,১১,৮৩৩.০০ | ১,২০,৯১,৬৬০.০০ | ৬৩,৭৮,৮৫৩.০০ | ৫২.৭৫% | ৫৭,১২,৮০৭.০০ |
| ওয়াড ৯ | ৪৬,৭৮,৬০৫.০০ | ৮৭,৫৫,৩৩৫.০০ | ৪০,৯৬,২১০.০০ | ৪৬.৭৯% | ৪৬,৫৯,১২৫.০০ |
| ওয়ার্ড ১০ | ১,৬৭,২৩,০৮০.০০ | ৩,১৫,০৩,৮৫০.০০ | ২,২৩,২২,৯৮০.০০ | ৭০.৮৬% | ৮৯,৮০,৮৭০.০০ |
| ওয়ার্ড ১১ | ১,১৬,৫৫,০০৭.০০ | ২,১৮,২২,৪৬০.০০ | ১,৩৬,২১,১৮৩.০০ | ৬৩.৪২% | ৮১,০১,২৭৭.০০ |
| ওয়ার্ড ১২ | ৩২,৯৩,১৭০.০০ | ৭৫,৪৫,০৮০.০০ | ৩৮,১৫,৬০৬.০০ | ৫০.৫৭% | ৩৭,২৯,৪৭৪.০০ |
| ওয়ার্ড ১৩ | ৬০,২৪,১০১.০০ | ১,১৯,৬৩,৫৭৮.০০ | ৬৪,৯৩,০৭১.০০ | ৫৪.২৭% | ৫৫,৭০,৫০৭.০০ |
| ওয়ার্ড ১৪ | ১১,১৪,০১৯.০০ | ২২,৮৬,৫৩১.০০ | ৯,০২,৮০০.০০ | ৩৯.৪৮% | ১৪,৮৩,৭৩১.০০ |
| ওয়ার্ড ১৫ | ১১,৭০,৩৮০.০০ | ২০,৮৯,৩০৩.০০ | ৯,৬৪,৬২৭.০০ | ৪৬.১৭% | ১১,২৪,৬৭৬.০০ |
| ওয়ার্ড ১৬ | ১১,৫৪,৫৭০.০০ | ১৮,১২,৬৬৩.০০ | ৮,৩২,৩০০.০০ | ৪৫.৯২% | ৯,৮০,৩৬৩.০০ |
| ওয়ার্ড ১৭ | ১০,৯১,৩৬০.০০ | ১৮,৬৩,২২৫.০০ | ৮,৫৮,৩০০.০০ | ৪৬.০৬% | ১০,০৪,৯২৫.০০ |
| ওয়ার্ড ১৮ | ৯,৫৬,৪৪৫.০০ | ১৭,১৯,৮৭৮.০০ | ৮,২৩,৫৫০.০০ | ৪৭.৮৮% | ৯,৯৬,৩২৮.০০ |
| ওয়ার্ড ১৯ | ৯,৬৫,৬২০.০০ | ৩০,১৪,০৪৮.০০ | ২৫,৮৬,৩৬০.০০ | ৮৫.৮১% | ৪,২৭,৬৮৮.০০ |
| ওয়ার্ড ২০ | ৯,৭৯,৩৪০.০০ | ১৯,৭৫,৬১৩.০০ | ১৭,৮৮,৪৮০.০০ | ৯০.৫৩% | ১,৮৭,১৩৩.০০ |
| ওয়ার্ড ২১ | ৩৩,৯৬,৯৩২.০০ | ৮৩,৫৫,৮৫৭.০০ | ৫১,০৪,০৫০.০০ | ৬১.০৮% | ৩২,৫১,৮০৭.০০ |
| ওয়ার্ড ২২ | ২৭,৬৮,৯৬৬.০০ | ৯১,৫৬,১৮৮.০০ | ৮৮,৭৫,৮৮১.০০ | ৯৬.৯৪% | ২,৮০,৩০৭.০০ |
| ওয়ার্ড ২৩ | ৯,৪৪,৪৫৪.০০ | ১৮,২৭,৯৪১.০০ | ১৭,৩৫,৬৬৪.০০ | ৯৪.৯৫% | ৯২,২৭৭.০০ |
| ওয়ার্ড ২৪ | ১৬,৪৩,৪৫১.০০ | ১,০৯,২৫,৮৮০.০০ | ৭৪,৯৪,৮৬০.০০ | ৬৮.৬০% | ৩৪,৩১,০২০.০০ |
| ওয়ার্ড ২৫ | ৪,৬৮,৯৩৮.০০ | ৯,২৯,৯০৮.০০ | ৮,০১,১৫৬.০০ | ৮৬.১৫% | ১,২৮,৭৫২.০০ |
| ওয়ার্ড ২৬ | ৭,৩৯,৫৯৫.০০ | ১৬,৬৬,৮১০.০০ | ১৬,৫৬,৩০৮.০০ | ৯৯.৩৭% | ১০,৫০২.০০ |
| ওয়ার্ড ২৭ | ১০,৫১,৪১৪.০০ | ৩০,৬৪,৭৯৭.০০ | ২৩,১৫,৪৯০.০০ | ৭৫.৫৫% | ৭,৪৯,৩০৭.০০ |
| **মোট** | **৮,৭৯,৪২,৭৭০.০০** | **১৮,৫৬,০৩,৯০৩.০০** | **১১,৩০,৮৩,৩৭০.০০** | **৬০.৯৩%** | **৭,২৫,২০,৫৩৩.০০** |

৩. সময়মত হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ:

(ক) এসএমএস এর মাধ্যমে হোল্ডিং ট্যাক্স দেওয়ায় গ্রাহকের নিকট বার্তা প্রেরণ।

(খ) **‘সময়মত দিলে কর, সমৃদ্ধ হবে কুমিল্লা নগর’** -এ বার্তা সম্বলিত পোস্টারসহ র‍্যালি করা।

(গ) টিম গঠন করে কর দাতার বাড়ি বাড়ি ভিজিট করে ট্যাক্স পরিশোধে উদ্বুদ্ধ করা।

# অধ্যায় ৬. অবকাঠামো উন্নয়ন

## ৬.১ প্রতিবেদনের এবং পূর্ববর্তী বছরের উন্নয়ন প্রকল্প এবং উল্লেখযোগ্য মেরামত সংক্রান্ত কাজ সমূহ

(১) ২০২২-২০২৩ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প এবং প্রধান মেরামত কাজসমূহ

(একক: লক্ষ টাকা)

| ক্রম | প্রকল্পেরনাম | আইডিপিথে কেগ্রহণকরা হয়েছে (হ্যা/না) | প্রাক্কলিতব্যয় | প্রকৃতব্যয় | অর্থেরউৎস | ২০২২-২০২৩ অর্থবছর শেষে অগ্রগতি (%) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ভৌত | আর্থিক |
| **উন্নয়নপ্রকল্পসমূহ** | | | | | | | |
| পরিবহন | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| নিস্কাশন (ড্রেনেজ) | | | | | | | |
| ১। | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন | না | -- | -- | -- | -- | -- |
| | | | | | | | |
| | | | | | | | |
| পানিসরবরাহ | | | | | | | |
| ১। | ৩২টি প্রোডাকশান টিউবওয়েল স্থাপন | না | -- | -- | -- | -- | -- |
| | | | | | | | |
| বর্জ্য ব্যবস্থাপনা | | | | | | | |
| | | | ৯৫০০.০০ | ৯৪৫০.০০ | জিওবি ও এডিপি | ১০০% | ১০০% |
| | | | | | | | |
| | পর্যালোচনা;<br>০৩। মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন;<br>০৪। উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত;<br>০৫। শাখভিত্তিক আলোচনা;<br>০৬। বিবিধ: | জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০৩। ডিপিপি'র আওতায় অগ্রাধিকারভিত্তিতে কবরস্থান ও শ্মশান উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। কাপ্তানবাজার, বিষ্ণুপুর ও মোগলটুলি কবরস্থান উন্নয়নে সংশ্লিষ্ট সকল কাউন্সিলর(ওয়ার্ড নং ০১, ০৪, ও ০৫) ও প্রকৌশল বিভাগের কর্মকর্তাকে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো। এছাড়া প্রাইভেট ও সমাজভিত্তিক কবরস্থান উন্নয়ন করার ক্ষেত্রে জটিলতা এঁড়ানোর জন্য স্থানীয় কবরস্থান উন্নয়ন কমিটি থেকে অনাপত্তি/লিখিত অনুমতি নিতে হবে।<br>০৪। ডিপিপি'র আওতায় স্থান পরিবর্তন/প্রাক্কলন সংশোধনপূর্বক অনুমোদনের জন্য প্রকল্প কর্তৃপক্ষের দপ্তরে (পরিকল্পনা মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ) প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্প পরিচালক ও প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এ বিষয়ে ত্বরিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br>০৫। জরুরিক্ষেত্র ব্যতিত সকল উন্নয়ন কাজের টেন্ডার আহ্বানে স্থানীয় কাউন্সিলরকে অবহিত করার জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০৬। সিটি কর্পোরেশনের উদ্যোগে শিক্ষাপ্রতিষ্ঠান, খেলারমাঠ, অবকাশ ও বিনোদনকেন্দ্র, কমিউনিটি সেন্টার, হেলথ্ সেন্টার ইত্যাদি স্থাপনকল্পে খাসজমি চিহ্নিতকরণ/ভূমি অধিগ্রহণের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হলো। এ লক্ষ্যে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী ডিপিপি প্রণয়ণের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। এছাড়া জায়গা সংস্থানে সমাজের দানশীল ও ধনাঢ্যশ্রেণিকে উদ্বুদ্ধকরণের জন্য সম্মানিত কাউন্সিলরগণকে অনুরোধ করা হলো।<br>০৭। কুমিল্লা নিউমার্কেট ও কুমিল্লা সিটি মার্কেটের মধ্যে সড়কের উপর প্রস্তাবিত সংযোগ ব্রিজ নির্মাণ স্থগিত করার জন্য সভায় সর্বসম্মতসিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৮। শহরের বর্জ্য ব্যবস্থাপনা উন্নয়নে প্রস্তাবিত ড্রাইভার, শ্রমিক নিয়োগ ও গাড়ি বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ময়লার গাড়িতে কাজ করতে অনিহা, এরুপ কোনো কর্মী নিয়োগ করা যাবে না।<br>০৯। ফেব্রুয়ারি ২০২৩ মাসের প্রথম সপ্তাহে থেকে ড্রেন, খাল খনন ও পরিচ্ছন্নতা কাজের ওয়ার্ডভিত্তিক ক্রাশপ্রোগ্রাম শুরু করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে কঞ্জারভেন্সি কর্মকর্তা সকল কাউন্সিলরের সাথে সমন্বয়পূর্বক তালিকা ও কর্মপরিকল্পনা হালনাগাদ করবেন।<br>১০। ১৯, ২০ ও ২১নং ওয়ার্ডের সেনাবাহিনী নিয়ন্ত্রিত জায়গার রাস্তা-ড্রেন সংস্কার/চলাচলের প্রতিবন্ধকতা নিরসনে মৌজাম্যাপ, ড্রেন, সড়কের তালিকাসহ উক্ত ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও প্রধান নির্বাহী কর্মকর্তা যৌথ সভা করে মতামত প্রদান করতে অনুরোধ করা হলো।<br>১১। ০৬নং ওয়ার্ডে রাতের বেলা বর্জ্য অপসারণের কার্যক্রম সফল করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কাউন্সিলর ও কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। এ কাজে প্রয়োজনীয় জনবল, লজিস্টিক ও প্রচার সামগ্রী সংস্থানের সভায় অনুমোদন প্রদান করা হলো।<br>১২। শহরের যানজট নিরসনকল্পে সিটি কর্পোরেশনের উদ্যোগে স্থানীয় প্রশাসন, পুলিশ বিভাগ ও সকল স্টেকহোল্ডার সমন্বয়ে একটি যৌথ সভা আয়োজনের ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।<br>১৩। শহরের বিভিন্ন স্থানে সড়কে যত্রতত্র পার্কিং/চাঁদাবাজি/সিটি কর্পোরেশনের নামাঙ্কিত টোকেনবাণিজ্য রোধকল্পে কার্যকর ভূমিকা গ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো। এছাড়া সময় সময় মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা নিতে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>১৪। বজ্রপুররোড রাজ্জাক টাওয়ার সামনের খোলা জায়গা সংরক্ষিত/বেষ্টিত করার নিমিত্ত নোটিশ প্রদানসহ উক্ত ভবনের নকশা বহির্ভুত অংশ ভেঙ্গে ফেলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হলো।<br>১৫। চকবাজার গরু বাজার ও সিএনজি স্ট্যান্ড অন্যত্র স্থানান্তর সংক্রান্ত গঠিত কমিটিকে এতদবিষয়ে সুপারিশ ও মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।<br>১৬। সিটি কর্পোরেশন(কর)বিধি ১৯৮৬ এর বিধি-৭(১১) মোতাবেক অঞ্চল-০৩ আওতাধীন ০৯টি ওয়ার্ডের জেনারেল এসেসমেন্ট রিভিউবোর্ডের প্রত্যেক সদস্যকে |

| | | |
|---|---|---|
| | | উপস্থিতিভিত্তিতে প্রত্যেক কার্যদিবসের জন্য ২৫০০/-(দুই হাজার পাঁচশত)টাকা হারে পারিশ্রমিক/সম্মানিভাতা প্রদানের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো। প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করতে হবে। এছাড়া রিভিউবোর্ড সভার হাজিরা, কার্যবিবরণী, শুনানীর কাগজাদি ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>১৭। দৈনিক হাজিরাভিত্তিক কর্মীদের সমহারে সকল ঝাড়ুদারের দৈনিক মজুরী প্রদানের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো। ফেব্রুয়ারি ২০২৩ মাস থেকে এটি কার্যকর হবে। |
| ২৬.০২.২০২৩ | ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা;<br>০২। গত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;<br>০৩। মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন;<br>০৪। উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত;<br>০৫। শাখভিত্তিক আলোচনা;<br>০৬। বিবিধ:<br>০৭। কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান হোল্ডিং ট্যাক্স পুন:নির্ধারণ/বৃদ্ধিকরণ এবং সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর বিধান অনুযায়ী বার্ষিক কর মূল্যায়নের ওপর স্বাস্থ্য কর আরোপ সংক্রান্ত;<br>০৮। বিবিধ: | ০১। সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডের জন্য ২৭টি ফগার মেশিন সংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে বিদ্যমান মেশিনগুলো মেরামত ও নতুন মেশিন ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া অন্যান্য সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগক্রমে মশা নিয়ন্ত্রণে কার্যকরি প্রয়োজনীয় ওষুধ সংস্থান করতে হবে। মশা নিয়ন্ত্রণে বাড়ি-ঘর, আঙ্গিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য এ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তি প্রচার করা হবে।<br>০২। চাহিদাপত্র অনুযায়ী ওয়ার্ডপর্যায়ে নিয়মিত মানসম্পন্ন বৈদ্যুতিক উপকরণ সরবরাহ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।<br>০৩। নিরবিচ্ছিন্ন নাগরিক সেবা নিশ্চিতকরণে জনবল কাঠামো চূড়ান্ত অনুমোদনে আরও কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৪। সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান পৌরকর বৃদ্ধি/পুন:মূল্যায়ন এবং স্বাস্থ্যকর আরোপ করা যায় কিনা, এতদসংক্রান্ত বিষয়ে পরবর্তী সভায় প্রতিবেদন আকারে মতামত প্রদানে জন্য কর নির্ধারণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটিকে অনুরোধ করা হলো।<br>০৫। সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য নাগরিক সনদসহ সকল প্রকার সনদ ও প্রত্যয়ন প্রদানকালে পৌরকর হালনাগাদ পরিশোধ আছে কিনা- এটি যাচাইকরত: গ্রাহককে কর পরিশোধে তাগাদা প্রদান ও উদ্বুদ্ধকরণে সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো। অনলাইন সিস্টেমে এ অপসন স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০৬। শহরের বিভিন্ন পাড়া-মহল্লায় চুরি, ছিনতাই, মাদকসহ জননিরাপত্তা বিঘ্ন নিয়ে সভায় উষ্মা প্রকাশ করা হলো। এ বিষয়টি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া বাসস্ট্যান্ডের বাইরে সিটি কর্পোরেশনের নামে টোকেন চাদাবাজির বন্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৭। সিটি কর্পোরেশনের ওয়ার্ড সচিবসহ সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত ইমেইল চেক, ওয়েবসাইট পর্যবেক্ষণ করবেন এবং চিঠি-পত্রাদি সম্মানিত কাউন্সিলর ও সংশ্লিষ্ট কর্মকতাগণকে অবহিত করতে অনুরোধ করা হলো।<br>০৮। টিসিবি পণ্য সামগ্রী ওয়ার্ড পর্যায়ে সুষ্ঠুভাবে প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখার জন্য অনুরোধ করা হলো। প্রচলিত রেশন কার্ড/বহি:র আদলে টিসিবি কার্ড তৈরীর বিষয়টি খতিয়ে দেখে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০৯। অঞ্চল-০৩আওতাধীন ০৯টি ওয়ার্ডের ৩য় পঞ্চবার্ষিকী জেনারেল এসেসমেন্ট (২০২২-২০২৩ থেকে ২০২৬-২০২৭) কার্যক্রমে রিভিউবোর্ড সদস্যদের সম্মানিভাতা ও আনুষাঙ্গিক খরচ বাবত প্রস্তাবিত ৫,৯৩,৪০০/-(পাঁচ লক্ষ তিরানব্বই হাজার চারশত)টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। রিভিউবোর্ড সভার হাজিরা, কার্যবিবরণী, শুনানী কাগজাদি, যাবতীয় তালিকা, বিল-ভাউচার ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। |
| ২২.০৩.২০২৩ | ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা;<br>০২। গত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত | ০১। সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। |

| | | |
|---|---|---|
| | কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;<br>০৩। মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন;<br>০৪। উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত;<br>০৫। শাখভিত্তিক আলোচনা;<br>০৬। বিবিধ: | ০২। মেয়র মহোদয় কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিকে ডিসেম্বর/২০২২ থেকে ফেব্রুয়ারি/২০২৩ মাসে প্রদত্ত আর্থিক সাহায্য/অনুদান সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। |
| ১০.০৪.২০২৩ | ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা;<br>০২। গত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;<br>০৩। মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন;<br>০৪। উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত;<br>০৫। শাখভিত্তিক আলোচনা;<br>০৬। বিবিধ: | ০১। ২২/০৩/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর বিষয়াদির ওপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো।<br>০২। মাসিক সভার সিদ্ধান্ত (যে কর্মকর্তার ক্ষেত্রে যা প্রযোজ্য) সভায় উপস্থিত থেকে তাৎক্ষণিকভাবে নোট করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৩। ডিপিপি'র আওতায় গৃহীত স্কিমসমূহের মধ্যে যে সকল স্কিম সংশোধন করা প্রয়োজন, এগুলোর তালিকা(যদি থাকে) অতিদ্রুত প্রকৌশল বিভাগে দাখিলের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে পুন:অনুরোধ করা হলো।<br>০৪। ইউডিসিজিপি প্রকল্প বাস্তবায়ন প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। এ কাজে সহযোগিতা করার জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো।<br>০৫। কুমিল্লা সিটি কর্পোরেশনের জন্য একটি যুযোপযোগী Master Plan প্রণয়ণের লক্ষ্যে Consulting Firm নিয়োগে টেন্ডার আহ্বান করা সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৬। নানুয়ারদিঘির চতুষ্পার্শ্ব বাগান, লাইটিং কাজ পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ এবং পবিত্র ঈদুল ফিতরের পূর্বে দারোগাবাড়ি মাজার প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কঞ্জারভেন্সি কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৭। ইউএনডিপি প্রকল্প আওতায় ছোটরা মফিজাবাদ কলনীর পাবলিক টয়লেট/বাথরুম নির্মাণ কাজের জটিলতা নিরসনপূর্বক এ কাজটি সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>০৮। শহরের জলাবদ্ধতা নিরসনে চলমান পরিচ্ছন্নতা অভিযান(ক্রাশ প্রোগ্রাম) বর্ষা মৌসুমের আগে অর্থাৎ চলতি এপ্রিল ২০২৩ মাসের মধ্যে শেষ করতে হবে। এ লক্ষ্যে বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কর্মপরিকল্পনা মোতাবেক সকল ওয়ার্ড কাউন্সিলরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয় সাধন করবেন।<br>০৯। পরিচ্ছন্নতা অভিযান(ক্রাশ প্রোগ্রাম) কর্মসূচি নিয়মিত তদারকি অব্যাহত রাখার জন্য সম্মানিত কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ কে অনুরোধ করা হলো।<br>১০। জরুরিভিত্তিতে ময়লা গাড়ি মেরামত ও যৌক্তিক জনবল (ড্রাইভার/শ্রমিক) নিয়োগের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>১১। কুমিল্লা হাউজিং স্টেট এলাকায় আপগ্রেড বৈদ্যুতিক লাইন স্থাপনসহ নগরীর সকল ওয়ার্ডে রোস্টার মোতাবেক নিয়মিত টেকশই বৈদ্যুতিক উপকরণ(লাইট, সেড, তার ইত্যাদি) ও লোকবল নিয়োজিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br>১২। জন্ম-মৃত্যু নিবন্ধনে ভুয়া তথ্য, জালিয়াতি ও প্রতারণা রোধকল্পে প্রত্যেক কাউন্সিলর তথা জন্ম ও মৃত্যু নিবন্ধককে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো।<br>১৩। ইমারত নির্মাণ ও নকশা অনুমোদনকল্পে ইমারত নির্মাণ আইন, ইমারত নির্মাণ বিধিমালা এবং বিএনবিসি'র কোনো ব্যত্যয় করা যাবে না। এছাড়া অবৈধ স্থাপনা উচ্ছেদে ওয়ার্ডভিত্তিক তালিকা হালনাগাদসহ প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ২৯.০৫.২০২৩ | ০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা;<br>০২। গত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা;<br>০৩। মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন;<br>০৪। উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত;<br>০৫। শাখভিত্তিক আলোচনা; | ০১। ১০/০৪/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর বিষয়াদির ওপর কারো কোন আপত্তি বা সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো।<br>০২। প্রস্তাবিত ০৪টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০৩। ডিপিপিসহ সকল উন্নয়ন প্রকল্পের ড্রইং, ডিজাইন অনুযায়ী যথাযথভাবে কাজ বাস্তবায়নে দায়িত্বশীল ও মনোযোগী হওয়ার জন্য প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।<br>০৪। ডিপিপিসহ যে সকল উন্নয়ন কাজ/প্রকল্প নিয়ে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে বা |

| | | |
|---|---|---|
| | ০৬। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত;<br>০৭। বিবিধ: | সাইট পরিদর্শনকালে অনিয়ম পরিলক্ষিত হয়েছে, এগুলো সমন্বিত তালিকা করে অনিয়মের কারণ চিহ্নিতকরণ, জটিলতা(যদি থাকে) এবং সমাধানের উপায় নির্ধারণপূর্বক তথ্যভিত্তিক প্রস্তাব/অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০৫। পবিত্র ঈদুল আযহা ১৪৪৪ হিজরী উপলক্ষে কোরবানির পশুর বর্জ্য অপসারণে সিটি কর্পোরেশনের লোগো ও নামাঙ্কিত উন্নতমানের ২২(বাইশ) হাজার প্লাস্টিকের ব্যাগ/বস্তা সংস্থান/ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৬। নানুয়ারদিঘিপাড়, সরকারি মহিলা কলেজ রোডসহ প্রধান প্রধান সড়কে জবর-দখল ও অবৈধ দোকান/স্থাপনা নিয়মিত উচ্ছেদ অভিযানের মাধ্যমে অপসারণ করতে হবে। এছাড়া নানুয়ারদিঘিরপাড় স্থায়ী দোকানদের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় কাউন্সিলর(ওয়ার্ড নং ১১ ও ১২)-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৭। সিটি কর্পোরেশনের রাজস্ব আহরণ ও কোরবানির পশু ক্রেতা-বিক্রেতাদের সুবিধার্থে চাঙ্গিনী (পুলিশ ফাড়ি সংলগ্ন) স্থানে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কোরবানির পশুরহাট স্থাপনের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণের পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>০৮। বর্জ্য পরিবহন ও সড়ক বাতি ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পাদন, উন্নয়ন ও গতিশীলকরণে প্রস্তাবিত ০৭টি প্রাক্কলন এবং প্রস্তাবসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক সিটি কর্পোরেশনের আর্থিক সংগতি ও অগ্রাধিকার বিবেচনায় পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br>০৯। সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বৃদ্ধিকল্পে সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এ অন্তর্ভুক্ত নেই- এরুপ প্রস্তাবিত ব্যবসার ধরণ ও ফি এর তালিকা অনুমোদনের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে গৃহীত হলো। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>১০। গত অর্থ বছর পর্যন্ত প্রদানকৃত সকল লিমিটেড কোম্পানীর লাইসেন্স (EPZ সহ) ধরণ এবং ফি অপরিবর্তিত থাকবে। ব্যবসার ধরণ একাধিক উপ-ধারায় উল্লেখ থাকলে, যে উপ-ধারায় বেশি অর্থাৎ সর্বোচ্চ ফি আদায়যোগ্য হবে।<br>১১। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>১২। যানজট নিরসনে ৫/৭ সিটি বিশিষ্ট সকল অটো/অটো রিক্সা শহরে চলাচল নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। শুধুমাত্র নির্ধারিত সংখ্যক দু'সিট বিশিষ্ট মিশুক রিক্সা, পায়ে চালিত রিক্সা ও সিএনজি চলাচল করবে। এ লক্ষ্যে বিস্তারিত পর্যালোচনা ও বিচার-বিশ্লেষণপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সংক্রান্ত পৃথক একটি সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>১৩। ২২/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত কুমিল্লা সিটি কর্পোরেশনের **অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি** সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হলো।<br>১৪। কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে প্রগতি ইন্ডাস্ট্রি লিমিটেড প্রতিষ্ঠান থেকে একটি গাড়ি (MITSUBISHI PAJERO SPORT QX) ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরিত পত্রের বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নিমিত্ত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>১৫। কুমিল্লা সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন চকবাজার নতুন মার্কেট নির্মাণ হওয়া পর্যন্ত কামারপট্টি স্থানে অস্থায়ী সেড/দোকান-কোঠা তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে সরেজমিন পরিদর্শন/জরীপ/ম্যাপসহ প্রাক্কলন উপস্থাপনের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো। প্রস্তাবিত সেড/দোকান-কোঠা তৈরী হলে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কামারশ্রেণি জাত পেশাজীবিদের অগ্রাধিকার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে। |

## ৯.২ স্থায়ী কমিটির সভা

### (০১) অর্থ ও সংস্থাপন কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব আবুল কালাম আজাদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৪ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৪ | সদস্য |
| ৪. | জনাব মো: আমিনুল ইকরাম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৬ | সদস্য |
| ৫. | বেগম নেহার বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৬ , ১৭ , ১৮ | সদস্য |

**অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:**

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১০.১০.২০২২ | ০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা<br>০২. বাজেটে বরাদ্দকৃত অর্থে যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা<br>০৩. বিবিধ: | ০১. সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২. স্থায়ী কমিটির প্রত্যেক সভায় আয়-ব্যয়ের ত্রৈমাসিক রিপোর্ট উপস্থাপনের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৩. ওয়ার্ড কার্যালয় হতে ইস্যুকৃত নানাবিধ সনদ ও প্রত্যায়নপত্র বাবদ আদায়কৃত অর্থ সমন্বিত করে প্রত্যেক মাসের আহরিত অর্থ ঐ মাসের মধ্যে জমা নিশ্চিত করতে সকল ওয়ার্ড সচিবকে বলা হলো।<br>০৪. চকবাজার বাঁশবাজারে অবৈধভাবে স্থাপিত দোকান-কোঠা চিহ্নিত করে উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো<br>০৫. রাজগঞ্জ বাজার উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন এবং রাস্তার পাশে অবৈধ দখলকারীদের উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৬. পুরাতন গোমতী নদীর উন্নয়ন ও সৌন্দর্যবর্ধনে সুচিন্তিত মতামতসহ এক মাসের মধ্যে একটি প্রতিবেদন তৈরীকরত: মাসিক সভায় উপস্থাপনের জন্য প্রস্তাবিত কমিটিকে অনুরোধ করা হলো। |

### (০২) বর্জ্য ব্যবস্থাপনা কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুস সত্তার | সাধারণ আসনের কাউন্সিলর | ২৬ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর | ১১ | সদস্য |
| ৪. | সৈয়দ রায়হান আহমেদ | সাধারণ আসনের কাউন্সিলর | ০৫ | সদস্য |
| ৫. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৪ , ০৫ , ০৬ | সদস্য |

বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ০২.১০.২০২২ | ১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা<br>২. স্যানিটারী ল্যান্ডফিল উন্নয়ন সংক্রান্ত;<br>৩। বিবিধ: | ০১. সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২. বর্জ্য ব্যবস্থাপনার জন্য ০১টি বুলডোজার ও ০১টি নতুন এক্সকেবেটর ক্রয় করা কিংবা এলজিআরডি মন্ত্রণালয়ে ডিও লেটার প্রেরণের প্রস্তাব করা হয়।<br>০৩। স্যানিটারী ল্যান্ডফিলে কাজের সুবিধার্থে ০১টি হাওয়া মেশিন ও একজন সহকারী নিয়োগের জন্য প্রস্তাব করা হয়।<br>০৪। স্যানিটারী ল্যান্ডফিল সম্প্রসারণ প্রস্তাব করা হয়।<br>০৫। পরিবেশ উন্নয়ন ও নাগরিক চলাচলের সুবিধার্থে বর্জ্য দিনের বেলার পরিবর্তে রাতের বেলা পরিষ্কার করা। এ লক্ষ্যে পাইলটিং হিসেবে একটি মনোনিত করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ০৬। বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়নে বাজার কমিটি, দোকান-মালিক সমিতি, ইজারাদার ও কাউন্সিলর সমন্বয়ে নিয়মিত সভা অনুষ্ঠান করা হয়।<br>০৭। হাসপাতাল বর্জ্য (১৩নং ওয়ার্ডের) অপসারণে সূর্যমুখি সামাজিক সংস্থাকে অনুমতি প্রদানের সুপারিশ করা হয়। |

## (০৩) শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: আনোয়ার হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২০ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: আজাদ হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২২ | সদস্য |
| ৪. | জনাব মো: আবুল হাসান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৭ | সদস্য |
| ৫. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০১, ০২, ০৩ | সদস্য |

শিক্ষা ও স্বাস্থ্য সম্পর্কিত স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ০৬. ০২.২০২২ | ১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা<br>২. COVID-19 পরিস্থিতি সংক্রান্ত<br>৩.টিকাদান কাজের অগ্রগতি পযালোচনা<br>৪. বিবিধ | ১. সভায় পূর্ববর্তী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>২. COVID-19 পরিস্থিতি সভায় পর্যালোচনা করা হয়। কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য বিধি অনুসরণসহ সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হয়।<br>৩. ইপিআই কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক। মাঠ পর্যায়ে পরিদর্শন করে ড্রাপআউট শিশুদের চিহ্নিত করে টিকাদান কাভারেজ বাড়ানোর পরামর্শ প্রদান করা হয়। |

## (০৪) নগর পরিকল্পনা ও উন্নয়ন কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর | ১১ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব আবুল কালাম আজাদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৪ | সদস্য |
| ৪. | জনাব মো: আজাদ হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২২ | সদস্য |
| ৫. | বেগম নূর জাহান আলম(পুতুল) | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৩, ১৪, ১৫ | সদস্য |

নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৯.১০.২০২২ | ০১. সিটি কর্পোরেশন এলাকার সম্ভাব্য নগর পরিকল্পনা ও উন্নয়ন নিয়ে আলোচনা | ০১. রাজগঞ্জ বাজার ভেঙ্গে উক্ত স্থানে বহুতল মার্কেট নির্মানের প্রস্তাব।<br>০২। শহরের প্রধান প্রধান সড়ক সম্প্রসারণের প্রস্তাব করা হয়।<br>০৩। সিটি মার্কেট ভেঙ্গে রাজগঞ্জ নতুন মার্কেট করে সেখানে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন করা।<br>০৪। চকবাজার সুপার মার্কেট পুনর্বিন্যাস করে সেখানে কমিউনিটি সেন্টার ও হাসপাতাল নির্মাণের প্রস্তাব।<br>০৫। নগরীর অভ্যন্তরের সকল বাসটার্মিনাল শহরের বাইরে স্থানান্তরের প্রস্তাব।<br>০৬। পদুয়ারবাজার বিশ্বরোড পুরাতন পুলিশ ফাড়ির |

## (০৫) হিসাব নিরীক্ষা ও রক্ষণ কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | বেগম উম্মে কুলসুম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৭, ০৮, ০৯ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: আব্দুস সত্তার | সাধারণ আসনের কাউন্সিলর | ২৬ | সদস্য |
| ৪. | সৈয়দ রায়হান আহমেদ | সাধারণ আসনের কাউন্সিলর | ০৫ | সদস্য |
| ৫. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৪, ০৫, ০৬ | সদস্য |

হিসাব নিরীক্ষা ও রক্ষণ স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১২.১০.২০২২ | ১. বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন<br>২. বিগত অর্থবছরের সরকারি নিরীক্ষাকার্য সংক্রান্ত<br>৩. সাধারণ নিরীক্ষা আপত্তি(এজি) ও অভ্যন্তরীন নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি বিষয়ে আলোচনা<br>৪. বিবিধ: | ০১.সভায় পূর্ববর্তী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২. ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষাকার্য সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকল প্রকর তথ্যাদি হালনাগাদ করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br>০৩. ওয়ার্ড কার্যালয়ে সকল প্রকার সার্টিফিকেট অনলাইন করা হয়েছে। এ খাতে প্রাপ্ত অর্থ অনলাইনে কর্পোরেশনের তহবিলে জমা প্রদনের জন্য সফটওয়ার তৈরীর ব্যবস্থা গ্রহণ করা। |

## (০৬) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: আবুল হাসান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৭ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর | ১১ | সদস্য |
| ৪. | জনাব হানিফ মাহমুদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৭ | সদস্য |
| ৫. | জনাব মো: এমদাদুউল্লাহ | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২৫ | সদস্য |

নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ স্থায়ী কমিটি সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ২০.১০.২০২২ | ০১. নতুন ডিপিপি প্রণয়নে প্রকল্প গ্রহণ সংক্রান্ত।<br>০২. বিবিধ: | সিটি কর্পোরেশনের দীর্ঘ মেয়াদী ও টেকশই উন্নয়নে নতুন ডিপিপি প্রণয়ন করতে হবে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব গ্রহণ করা হলো।<br>● মাস্টারপ্লান প্রস্তুতকরণ<br>● বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন<br>● জলাবদ্ধতা দূরীকরণ<br>● স্যুয়ারেজ সিস্টেমের উন্নয়ন<br>● ওয়েস্ট ও ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট<br>● রাস্তা প্রসশুকরণ ইত্যাদি<br><br>নগর অবকাঠামো নির্মাণ ও সংস্কারের পরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্তত গৃহীত হয়। |

## (০৭) পানি ও বিদ্যুৎ কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: এমদাদুউল্লাহ | সাধারণ আসনের কাউন্সিলর | ২৫ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৪ | সদস্য |
| ৪. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | সাধারণ আসনের কাউন্সিলর | ১৬ | সদস্য |
| ৫. | বেগম তাহমিনা আক্তার | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৯, ২০, ২১ | সদস্য |

পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৩.১০.২০২২ | ১. কুমিল্লা শহরের পানি সরবরাহ ব্যবস্থা নিয়ে আলোচনা।<br>২. কুমিল্লা শহরের সড়ক বাতি ব্যবস্থা নিয়ে আলোচনা।<br>২. বিবিধ: | ১. পানির লাইন লিকেজ হওয়ার সাথে মেরামতে ব্যবস্থা গ্রহণ করা।<br>২. পানির বকেয়া বিল আদায়ের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।<br>৩। বৈদ্যুতিক মালামাল ক্রমে মাসিক সভার অনুমোদন গ্রহণ করা। |

## (০৮) সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | সাধারণ আসনের কাউন্সিলর | ১৬ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব আব্দুর রহমান | সাধারণ আসনের কাউন্সিলর | ০৭ | সদস্য |
| ৪. | জনাব মোহাম্মদ শওকত আকবর | সাধারণ আসনের কাউন্সিলর | ১৮ | সদস্য |
| ৫. | বেগম তাহমিনা আক্তার | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৯ , ২০ , ২১ | সদস্য |

সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্থায়ী কমিটি সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৮.১০.২০২২ | ০১. বিগত সভার আলোচনা<br>০২. কমিউনিটি সেন্টার স্থাপন সংক্রান্ত | ০১. সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে একটি করে কমিউনিটি সেন্টার স্থাপনকল্পে মাসিক সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা। |

## (০৯) পরিবেশ উন্নয়ন কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: আজাদ হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২২ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: রেজাউল করিম | সাধারণ আসনের কাউন্সিলর | ১৯ | সদস্য |
| ৪. | জনাব আবুল কালাম আজাদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৪ | সদস্য |
| ৫. | বেগম শাহীন আক্তার | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২৫ , ২৬ , ২৭ | সদস্য |

পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ২৮.১০.২০২২ | ১. বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন<br>২. সিটি কর্পোরেশন এলাকায় সম্ভাব্য নগর পরিবেশ উন্নয়ন নিয়ে আলোচনা<br>৩. বিবিধ: | ০১.সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>২. পচনশীল এবং অপচনশীল বস্তুগুলো পৃথক পৃথক ঝুড়িতে রাখার গৃহীত হয়।<br>৩. ওয়ার্ড নং ১৯, ২০, ২১ নং ওয়ার্ডে সেনাবাহিনী ক্যাম্প এলাকায় ডাস্টবিন স্থাপন করা।<br>৪. পদুয়ার বাজারসহ সকল হাট-বাজারগুলোর বর্জ্য স্থাপন এলাকায় নিয়মিত ব্লিচিং পাউডার ছিটানোর ব্যবস্থা গ্রহণ। |

### (১০) ক্রীড়া ও সংস্কৃতি কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: আমিনুল ইকরাম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৬ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: আবুল হাসান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৭ | সদস্য |
| ৪. | জনাব মো: আনিসুজ্জামান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৩ | সদস্য |
| ৫. | বেগম ফারহানা পারভীন | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২২, ২৩, ২৪ | সদস্য |

ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটির আলোচ্য বিষয় ও প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৩.১০.২০২২ | ১. বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন<br>২. বিভিন্ন এলাকায় ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত আলোচনা<br>৩. কুমিল্লা শহরের শিশু-কিশোরসহ বিভিন্ন পর্যায়ের ক্রীড়া কার্যক্রম নিয়ে আলোচনা।<br>৪. বিবিধ: | ১.সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>২. মাদক ও মোবাইল আসক্তি থেকে শিশু-কিশোরদের সুরক্ষায় খেলাধূলার প্রতি তাদের উৎসাহিত করা এবং এ বিষয়ে সিটি কর্পোরেশন থেকে কার্যকর উদ্যোগ গ্রহণ করা।<br>৩. শহরের সকল ওয়ার্ডে সাতার শিক্ষা কার্যক্রম ও প্রতিযোগিতার আয়োজন করা।<br>৪. সকল ওয়ার্ডে কাউন্সিলরগণের নেতৃত্বে ক্রীড়া কমিটি গঠন করা।<br>৫. ক্রীড়া উন্নয়নে বাজেটে অর্থ বরাদ্দ রাখা। |

### (১১) জন্ম-মৃত্যু নিবন্ধন কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব কাজী মাহবুবুর রহমান | সাধারণ আসনের কাউন্সিলর | ২১ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: মহিবুর রহমান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৪ | সদস্য |
| ৪. | বেগম ঝুমা আক্তার | সাধারণ আসনের কাউন্সিলর | ১০, ১১, ১২ | সদস্য |
| ৫. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৬ | সদস্য |

জন্ম-মৃত্যু স্থায়ী কমিটিরসভারআলোচ্যবিষয়এবংপ্রধানপ্রধানসুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১১.১০.২০২২ | ১. পূর্ববতী সভার কাযবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।<br>২. জন্ম-মৃত্যু নিবন্ধনের অগ্রগতি পর্যালোচনা<br>৩. জন্ম তারিখ সংশোধন সংক্রান্ত।<br>৪. বিবিধ: | ০১.সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২। ভোটার তালিকা হালনাগাদ এবং জন্ম নিবন্ধন কার্যক্রমে রোহিঙ্গা জনগোষ্ঠী যেন অন্তর্ভুক্ত না হতে পারে সে বিষয়ে সকল কাউন্সিলরগণকে সচেতন থাকার পরামর্শ প্রদান করা হলো।<br>০৩। নবজাতক (০-২৮ দিন বয়সী) শিশুর জন্ম নিবন্ধনের সংখ্যা বৃদ্ধির জন্য তৎপর হওয়ার পরামর্শ প্রদান করা হয়।<br>০৪। জন্ম-মৃত্যু নিবন্ধন রিপোর্ট প্রতি মাসের ০৫তারিখের মধ্যে স্বাস্থ্য বিভাগে প্রেরণের অনুরোধ করা হলো। |

## (১২) যোগাযোগ কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব হানিফ মাহমুদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৭ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: এমদাদুউল্লাহ | সাধারণ আসনের কাউন্সিলর | ২৫ | সদস্য |
| ৪. | জনাব মো: আনোয়ার হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২০ | সদস্য |
| ৫. | জনাব মো: মহিবুর রহমান | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২৪ | সদস্য |

যোগাযোগ স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৬.১০.২০২২ | ১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;<br>২. কুমিল্লা সিটি কর্পোরেশনের রাস্তা প্রসস্তকরণ সংক্রান্ত<br>৩. ফুটপাত দখলমুক্তকরণ সংক্রান্ত<br>৪. বিবিধ: | ১. কুমিল্লা সিটি কর্পোরেশনের সরু রাস্তাগুলো প্রসস্তকরণ জরুরি। প্রাথমিক পর্যঅয়ে ১২টি সড়ক(তালিকা সংযুক্ত) সম্প্রাসারণের প্রস্তাব করা হয়।<br>২. কুমিল্লা সিটি কর্পোরেশনের অবৈধ রিক্সা, অটো রিক্সা উচ্ছেদ করতে হবে।<br>৩. অটো রিক্সাগুলোর লাইসেন্স প্রদান করে রাজস্ব বৃদ্ধি করা দরকার।<br>৪. রিক্সা, সিএনজি, অটোরিক্সা স্ট্যান্ডে দাড়ানোর জন্য নির্দিষ্ট সংখ্যা উল্লেখপূর্বক গুরুত্বপূর্ণ পয়েন্টে সাইনবোর্ড লাগানোর সুপারিশ করা হয়। |

## (১৩) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৪ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: আমিনুল ইকরাম | সাধারণ আসনের কাউন্সিলর | ০৬ | সদস্য |
| ৪. | জনাব মো: আনোয়ার হোসেন | সাধারণ আসনের কাউন্সিলর | ২০ | সদস্য |
| ৫. | বেগম নূর জাহান আলম(পুতুল) | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৩, ১৪, ১৫ | সদস্য |

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১৬.১০.২০২৩ | ০১. রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত<br>০২. বাজার এলাকার যানজট নিরসন ও উচ্ছেদ অভিযান সংক্রান্ত | ০১. চকবাজার বাশ বাজার এলাকার সকল অবৈধ দোকান-পাট ও দখলীকৃত জায়গা উদ্ধার করা।<br>০২. মাঠ পর্যায়ে অভিযান পরিচালনা করে বিভিন্ন মার্কেট বিপনী বিতানে ট্রেডলাইসেন্সবিহীন ব্যবসা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স নিশ্চিত করা।<br>০৩. যানজট নিরসনে ফুটপাত, বাজার সামনে অবৈধ দখলকারদের উচ্ছেদ করা। |

## (১৪) দুযোর্গ ব্যবস্থাপনা কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর | ১২ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: আনিসুজ্জামান | সাধারণ আসনের কাউন্সিলর | ২৩ | সদস্য |
| ৪. | জনাব গাজী গোলাম ছারোয়ার | সাধারণ আসনের কাউন্সিলর | ০২ | সদস্য |
| ৫. | বেগম ফারহানা পারভীন | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২২, ২৩, ২৪ | সদস্য |

**দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:**

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১১.১০.২০২৩ | ০১. পূর্ববতী সভার কাযবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ<br>০২. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থা কমিটি গঠন<br>০৩. দুর্যোগকালীন সহযোগিতা সংক্রান্ত<br>০৪. অপরিকল্পিত ভবন নির্মাণ<br>০৫. বিবিধ: | ০১. সরকারি নির্দেশিকা অনুযায়ী প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থা কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০২. দুর্যোগকালীন সহযোগিতার জন্য তহবিল গঠন করা।<br>০৩. অপরিকল্পিতভাবে ভবন নির্মাণ বন্ধকরণে মাসিক সভায় আলোচনাক্রমে ইমারত নির্মাণ বিধিমালা যথাযথভাবে অনুসরণে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>০৪. দ্রব্যমুল্য বৃদ্ধির কারণে অসহায় পরিবারকে সহযোগিতা প্রদান করা। |

**(০১) আইন শৃঙ্খলা সংক্রান্ত কমিটি**

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | সৈয়দ রায়হান আহমেদ | সাধারণ আসনের কাউন্সিলর | ০৫ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর | ১০ | সদস্য |
| ৪. | জনাব হানিফ মাহমুদ | সাধারণ আসনের কাউন্সিলর | ১৭ | সদস্য |
| ৫. | বেগম উম্মে কুলসুম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৭, ০৮, ০৯ | সদস্য |

**(০১) নারী ও শিশু(জেন্ডার) উন্নয়ন বিষয়ক কমিটি**

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৪, ০৫, ০৬ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০১, ০২, ০৩ | সদস্য |
| ৪. | বেগম নেহার বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৬, ১৭, ১৮ | সদস্য |
| ৫. | বেগম শাহীন আক্তার | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ২৫, ২৬, ২৭ | সদস্য |

**নারী ও শিশু (জেন্ডার ) উন্নয়ন বিষয়ক কমিটি স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:**

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১০.১০.২০২২ | ১. পূর্ববতী সভার কাযবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ<br>২. নতুন ডিডিপি প্রণয়নে প্রকল্প গ্রহণ সংক্রান্ত<br>৩. বিবিধ: | ০১.সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২. কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার বাসটার্মিনালগুলোতে বসার সুবিধার্থে মহিলা ও শিশুদের জন্য পৃথক যাত্রী ছাউনি নির্মাণ করা।<br>০৩। কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার বাসটার্মিনালগুলোতে স্যানিটেশনের সুবিধার্থে মহিলা ও শিশুদের জন্য পৃথক টয়লেট নির্মাণ করা।<br>০৪। কর্মজীবী মহিলাদের জন্য ডে-কেয়ার সেন্টার স্থাপন করা।<br>০৫। গরীব, দুঃস্থ ও প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে শীতবস্ত্র, ত্রাণ বিতরণের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার জন্য পরবর্তী মাসিক সভায় এটি উপস্থাপনের ব্যবস্থা নিতে হবে। |

**(০৩) কর নির্ধারণ ও আদায় বিষয়ক কমিটি**

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | বেগম নূর জাহান আলম(পুতুল) | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১৩, ১৪, ১৫ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | বেগম উম্মে কুলসুম | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ০৭, ০৮, ০৯ | সদস্য |
| ৪. | জনাব মো: আব্দুস সত্তার | সাধারণ আসনের কাউন্সিলর | ২৬ | সদস্য |
| ৫. | বেগম রুমা আক্তার | সংরক্ষিত আসনের কাউন্সিলর | ১০, ১১, ১২ | সদস্য |

কর নির্ধারণ ও আদায় বিষয়ক কমিটি স্থায়ী কমিটির সভার আলোচ্য বিষয় এবং প্রধান প্রধান সুপারিশসমূহ:

| তারিখ | আলোচ্য বিষয় | প্রধান প্রধান সুপারিশ |
|---|---|---|
| ১২.১০.২০২২ | ১. পূর্ববতী সভার কাযবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ<br>২. রাজস্ব আদায় কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা<br>৩. বিসিক শিল্পনগরীর কর আদায় সংক্রান্ত<br>৪. বিবিধ। | ০১.সভায় পূর্ববতী সভার কাযবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়।<br>০২. রাজস্ব আদায় অগ্রগতি পর্যালোচনা করা হলো। রাজস্ব আদায় বেগবান করার জন্য ওয়ার্ড কার্যালয় এবং কাউন্সিলরগণকে সম্পৃক্ত করা।<br>০৩. বিসিক শিল্পনগরীর বকেয়া হোল্ডিং কর আদায়ে বিশেষ টিম নিয়োজিত করার প্রস্তাব করা হয়।<br>০৪. সকল প্রকর রাজস্ব আদায়ে স্বচ্ছতা নির্ধারণে অনলাইন আদায় ব্যবস্থা নিশ্চিত করা।<br>০৫. বকেয়া বিজ্ঞাপন কর পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নোটিশ ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

(০৪) দারিদ্র বিমোচন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি

| ক্রমিক | নাম | পরিচিতি | ওয়ার্ড নং | পদবী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর | ১০ | সভাপতি |
| ২. | জনাব আরফানুল হক রিফাত | মেয়র | -- | সদস্য |
| ৩. | জনাব গাজী গোলাম ছারোয়ার | সাধারণ আসনের কাউন্সিলর | ০২ | সদস্য |
| ৪. | জনাব মো: রেজাউল করিম | সাধারণ আসনের কাউন্সিলর | ১৯ | সদস্য |
| ৫. | জনাব মোহাম্মদ শওকত আকবর | সাধারণ আসনের কাউন্সিলর | ১৮ | সদস্য |

## ১০. নাগরিক সম্পৃক্তকরণ

**১০.১ ওয়ার্ড লেবেল কোঅর্ডিনেশন কমিটি'র (ডব্লিউএলসিসি) সভা।**

**২৭টি ওয়ার্ডে ২৭টি ওয়ার্ড লেবেল কোঅর্ডিনেশন কমিটি'র (ডব্লিউএলসিসি) গঠন করা হয়েছে। সভা অনুষ্ঠান কাজ চলমান রয়েছে।**

**১০.২ সিটি লেবেল কোঅর্ডিনেশন কমিটি (সিএলসিসি) সভা।**

স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশন **সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটি (সিএলসিসি)** গঠন করা হয়েছে (কমিটির তালিকা- সংলগ্নি ০১)। কমিটির সভা প্রতিবছর দু'বার অনুষ্ঠিত হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে দু'টি সভা অনুষ্ঠিত হয়েছে (সভার কার্যবিবরণী- সংলগ্নি ০২ ও ০৩)

**১০.৩ জনসভা/ জনতার মুখোমুখি**

**১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম**

**১০.৫ নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার**

**(১) অভিযোগ প্রতিকার**

| ক্রম | সেবাসমূহ | অভিযোগ গ্রহণের সংখ্যা এবং প্রক্রিয়াকরণ | অভিযোগ নিস্পত্তির সংখ্যা | অভিযোগ নিস্পত্তির শতকরা হার |
|---|---|---|---|---|
| ১. | কর এবং ফি | ৫২০টি | ৪৪০টি | ৮৫% |
| ২. | অবকাঠামো | ১২৫টি | ৮৫টি | ৬৮% |
| ৩. | পানি সরবরাহ | ৪৫টি | ৩৫টি | ৭৭% |
| ৪. | বর্জ্য ব্যবস্থাপনা | ৪৩৪টি | ৩৮৫টি | ৮৯% |
| ৫. | গণশৌচাগার | নাই | নাই | % |
| ৬. | পাবলিক মার্কেট | ৩৫টি | ২৮ | ৮০% |
| ৭. | ইপিআই | ২০টি | ১৮টি | ৯০% |
| ৮. | সাংস্কৃতিক/খেলাধূলা | নাই | নাই | % |

* অভিযোগ গ্রহনকারী কর্মকর্তা (জিআরও) কর্তৃক প্রাপ্ত অভিযোগগুলি সর্বদা প্রক্রিয়াকরণ করা হয় না, তবে প্রবিধানে নির্ধারিত পদ্ধতিতে নাগরিক প্রতিক্রিয়া ও অভিযোগ নিরসনের বিষয়টি যাচাই-বাছাই করা হয়। সুতরাং প্রাপ্ত অভিযোগগুলিকে বল লিপিবদ্ধ করা হয়না অধিকন্তু সংশ্লিস্ট বিভাগ কর্তৃক এগুলো নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়।


(২) উল্লেখযোগ্য অভিযোগ এবং মতামতসমূহ

উল্লেখযোগ্য অভিযোগ এবং গৃহীত পদক্ষেপসমূহ (২০২২-২০২৩)

| **অভিযোগ গ্রহণ এবং নিস্পত্তিকরণ প্রক্রিয়া** | **সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ** |
|---|---|
| ১. জমি বিবাদ সম্পর্কে | সংশ্লিষ্ট অভিযোগটি নিস্পত্তি করা হয়েছে |
| ২. রাস্তার উপর পানি আটকে থাকা প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ৩. ওয়ারিশসূত্রে প্রাপ্ত ভূমির দাগ পাওয়ার প্রসংগে | নিস্পত্তি করা হয়েছে |
| ৪. বসতঘরের নীচ দিয়ে নির্মান প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ৫. নকশা বর্হিভূতভাবে বহতলা ভবন নির্মান প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ৬. ছোটরা পশ্চিম পাড়া শাহজাহান সড়কে সিসি ড্রেন নির্মাণ না করা প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ৭. ফুটপাট অবৈধ দখল প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ৮. সরকারী ভূমিতে অবৈধ নির্মান কাজ বন্ধ করা প্রসংগে | |
| ৯. গোবিন্দপুরের ড্রেন সংস্কারের প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১০. দক্ষিণ চর্থা এলাকার রাস্তা বিদ্যমান সমস্যা সমাধান ও পাকাকরণ প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১১. সিটি কর্পোরেশনের নির্দেশ অমান্য করিয়া নকশা বর্হিভূত প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১২. অবৈধ স্থাপনা উচোছদকরণ প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১৩. আশরাফপুর মুন্সী বাড়ী সরকারের রাস্তা দখল থেকে মুক্তি প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১৪. জজকোট মুন্সীবাড়ী রাস্তার অবৈধ টংঘর উচ্ছেদ প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১৫. শ্রী ভল্লবপুর গ্রাম নিরাপত্তা প্রদান প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১৬. ঝাউতলা গ্রামীণ অফিসের দক্ষিণে শহীদ খাজা নিজাম উদ্দীন রোডে ড্রেন ও কালভার্ট নির্মান ও সংস্কার প্রসংগে | নিস্পত্তি হয়েছে |
| ১৭. দৌলতপুর ছায়াবিতান ও ধর্মপুর এলাকায় অবস্থিত পানি নিস্কাশনের ড্রেন -নালা পরিস্কার করার প্রসংগে | নিস্পত্তি হয়েছে |

অভিযোগ বিষয়ক প্রতিক্রিয়া/মতামত: **দাখিলকৃত বেশীরভাগ অভিযোগ নিস্পত্তি হয়েছে এবং যথাসময়ে নিস্পত্তি হওয়ায় সিসির প্রতি নাগরিকের আস্থা বৃদ্ধি পেয়েছে।**

## (৩) নাগরিক জরিপ-এর সংক্ষিপ্ত ফলাফল ( সংলগ্নি ০৪)



## বর্তমান সরকারের ৩য় মেয়াদে কুমিল্লা সিটি কর্পোরেশনের উল্লেখযোগ্য অর্জনসমূহ:

**উন্নয়ন কর্মকান্ড:**

- গোমতী বাইপাস সড়ক (১৫.৫০কি:মি:) নির্মাণ
- গোমতী বাইপাসসহ নগরীর সকল ওয়ার্ডে এলইডি লাইট স্থাপন
- বিভিন্ন ওয়ার্ডে সড়ক ও বক্স ড্রেইন নির্মাণ
- নগরীর বড় বড় দিঘি ও পুকুর সংস্কার, ওয়াকওয়ে নির্মাণ ও সৌন্দর্যবর্ধন
- নগর শিশু উদ্যান নির্মাণ ও ধর্মসাগরপাড় সৌন্দর্যবর্ধন
- জলাবদ্ধতা নিরসনে বড় বড় খাল ও ড্রেইন খনন
- কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সিটি কর্পোরেশন কর্তৃক ২.২৫কোটি ব্যয়ে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউ ইউনিট স্থাপন
- নগরীর প্রধান প্রধান সড়কের পাশে ২২কিলোমিটার ফুটপাত নির্মাণ ও টাইলস স্থাপন

**উদ্ভাবনী কার্যক্রম:**

- সিটি কর্পোরেশনের সকল প্রকার ট্রেড লাইসেন্স শতভাগ অনলাইনকরণ
- অনলাইন নাগরিক সনদ প্রদান
- হোল্ডিংকর ও পানির বিল অনলাইনকরণ
- ভিএমএস মাধ্যমে সিটি কর্পোরেশনের সকল প্রকার যানবাহনের তথ্যাদি অনলাইন ডাটাবেজ সংরক্ষণ
- জননিরাপত্তা বিধানে সিটি সার্ভিল্যান্স সিস্টেমে নগরীর প্রধান প্রধান সড়ক ও মোড়ে ২৮টি পয়েন্টে সিসি ক্যামেরা স্থাপন
- নগরীর অলি-গলি ও সরু সড়ক হতে বর্জ্য অপসারণে সকল ওয়ার্ডে হাইড্রোলিক ভ্যানগাড়ি সরবরাহ

## ১১. ফটোগ্যালারি

### ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম সংশ্লিষ্ট উল্লেখযোগ্য ছবি:





মাননীয় মেয়র




মাসিক সভা


কুমিল্লা সিটি কর্পোরেশনের সিটি লেভেল
কোঅর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভা
(দ্বিতীয় সভা)
সভাপতি: জনাব আরফানুল হক রিফাত, মাননীয় মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন
তারিখ: ৩০ মে ২০২৩
আয়োজনে: কুমিল্লা সিটি কর্পোরেশন

## সিএলসিসি সভা




কুমিল্লা মহানগর এলাকার জননিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন



কুমিল্লা মহানগর এলাকার জননিরাপত্তার জন্য সিসি ক্যামেরা স্থাপন



গোমতী বাইপাস সড়কে স্ট্রিট লাইট স্থাপন




বিম লিফটারের মাধ্যমে সড়ক বাতি স্থাপন ও মেরামত কাজ



খাল পুনঃখনন



ড্রেন পরিষ্কারকরণ



মশক নিধন কার্যক্রম




সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটির সভা



ফুটপাত উন্নয়ন



আরসিসি রাস্তা নির্মাণ